ফলে বাংলাদেশের অন্তর্জাতিক ব্যবসা অধিক হারে বৃদ্ধি পাছে। কাঁচামাল, জনশক্তি ইত্যাদি এখন আর কোন দেশের একক সম্পন নয়। তবে এ সকল সম্পন আদান প্রদানের ক্ষেত্রে প্রয়োজন পরিকল্পিত যাতায়াত ব্যবস্থা। উন্নত দেশতলোতে দেখা যায় সমুদ্র কিতাবে একটি দেশের অর্থনীতির আমূল পরিকল্পিত যাতায়াত ব্যবস্থা। উন্নত দেশতলোতে দেখা যায় সমুদ্র কিতাবে একটি দেশের অর্থনীতির আমূল পরিবর্তন এনেছে। সমুদ্র আসলেই একটি দেশের জন্য সৃষ্টিকর্তা প্রদত্ত আশীর্বাদ স্বরূপ। সমুদ্র ব্যবহারের সুবিধা মাখায় রেখেই বিশ্বে ইউরোপিয়ন ইউনিয়ন, সাফটা, আশিয়ান ইত্যাদি বিভিন্ন ট্রেডব্রুক সৃষ্টি হয়েছে। সব ট্রেডব্রুকতলোর একটি গুরুত্বপূর্ণ শর্ত হচেছ এক দেশ অন্য দেশকে অর্থনৈতিক সুবিধার বিনিময়ে সমুদ্র ব্যবহার করতে দেবে। দেখা যায়, হল্যান্ড এবং পর্তুগাল সমুদ্র বন্দর ব্যবস্থাপনার মাধ্যমে বৈদেশিক মুদ্রা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে। বাংলাদেশ ঠিক সে রকমই এক সুবিধাজনক অবস্থার রয়েছে। নেপাল, ভূটান ও ভারতের উত্তর পূর্ব 'সেতেন সিন্টার' যদি প্রয়োজনীয় কর প্রদানের বিনিময়ে বাংলাদেশের সমুদ্র বন্দর ব্যবহার করতে পারে তাহলেই তারা কম বরচে অধিক পণ্য সামন্ত্রী আমলানি-রজানি করতে পারবে। আর এতে করে বাংলাদেশের জনগণের নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা বাংলাদেশের জিডিপিতে ওক্তপুর্প অবদান রাখবে বলে আশা করা যায়।

বঙ্গোপসাগর গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। বিশ্বায়ণের

বাদিন্তা সংযোগ। বিশ্বায়নের এ যুগে আন্তর্জাতিক বাদিন্ত্যের প্রধান মাধ্যম হচ্ছে সমুদ্র বন্দর। বাংলাদেশের প্রধান দুই সমুদ্র বন্দর চট্টশ্রাম ও মংলা সমুদ্র বন্দর এবং দেশের অন্তন্তরীণ নৌপথ আন্ধানিক ও আন্তর্জাতিক বাদিন্ত্যের অর্থনৈতিক অপ্রগতির ক্লেফে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসহে। সম্পূর্ণভাবে স্থলপথ বেষ্টিত (Land Locked) দেশ নেপাল আন্তর্জাতিক বাদিন্ত্যের জন্য কার্যত ভারতের উপর সম্পূর্ণ নির্ভরশীল। নেপাল ও বাংলাদেশের মধ্যকার বাদিন্ত্যিক সম্পর্ক অনেক প্রাচীন। চট্টশ্রাম ও মংলা বন্দরের মাধ্যমে বাদিন্ত্য পণ্য পরিবহণের ব্যাপারে ১৯৭৬ সালে দুশদেশের মধ্যে একটি চুক্তি স্বান্ধরিত হয়। উত্তরাঞ্চলের পঞ্চণভ জেলার বাংলাবান্ধা স্থল বন্দরের মাধ্যমে নেপালকে পণ্য পরিবহণের সুবিধা প্রদান করা হচ্ছে। একই ব্যাপার ভূটানের ক্ষেত্রেও প্রযোজ্য হতে পারে। (সশস্ত্র বাহিনী দিবস জার্নাল ২০১০, পৃ.১১)।

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সাথে বাশিজ্য সংযোগ। ব্রিটিশ শাসন আমলে বাংলাদেশ (তংকালীন পূর্ব বাংলা) তারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর জন্য সংযোগ সভুক ছিসেবে ব্যবহৃত হত। চইগ্রাম বন্দর ও অভ্যন্তরীণ নৌপথ ছিল তব্দ বাণিজ্যের প্রধানতম রুট। কিন্তু ১৯৬৫ সালে পাক-ভারত যুদ্ধের ফলে বাণিজ্য চলাচল বন্ধ হয়ে যায়। পরবর্তীকালে ১৯৭২ সালে রুটটি পুনরায় চালু হয়। বাংলাদেশ ট্রানজিট সহায়তা না দিলে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর পণ্য প্রায় ১৬৪৫ কিলোমিটার ঘোরা (Detour) পথ পাড়ি দিয়ে কলকাতা পৌছারে। ভারতের মনিপুর ও মিজোরাম রাজ্য মূলত মূল ভূষও থেকে বিচ্ছিন্ন বাংলাদেশ সীমান্ত থেকে মাত্র ৪ কিলোমিটার দূরে অবস্থিত আগরতলার সাথে কলকাতার কোন প্রত্যক্ষ রেল যোগাযোগ ব্যবস্থা নেই।

বাংলাদেশ-চীন বাশিচ্চ্য স্থযোগ। স্বাধীনতাভোর বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে চীন সব সময় সাহায্য করে আসছে এবং চীন বাংলাদেশের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করে আসছে। বর্তমানে বাংলাদেশের আমদানির প্রায় ৯% চীন থেকে আসে। চীন বর্তমানে ভারত মহাসাগর, বিশেষত বঙ্গোপসাগরকে তার বাণিজ্যের ক্ষেত্র হিসেবে ব্যবহার করতে অপ্রহী। চীন বাংলাদেশের বন্দরের সাথে ইউনান প্রদেশের সংযোগের মাধ্যমে ভারতের বাজারের সাথে সংযুক্ত হওয়ার চেষ্টা করছে। (সশস্ত্র বাহিনী দিবস জার্নাল-২০১০, পৃ.১২)

আর্থ-সামাজিক উন্নয়নে সমুদ্র বন্ধরের ভূমিকা। যে কোন রাষ্ট্রের এবং আর্থ-সামাজিক উন্নয়নে সমুদ্র বন্ধরের ভূমিকা অপরিসীম। আমদানি-রস্তানি নির্ভরশীল বাংলাদেশের ভূ উন্নয়নে চট্টশ্রাম ও মোংলা সমুদ্র বন্দর উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।

চট্টশ্রাম সমুদ্র বন্দর। চট্টশ্রাম আমাদের দেশের প্রধান সমুদ্র বন্দর। দেশের মোট আমদানি-রঙানির শতকরা ৯০ ভাগ এ বন্দর দিয়ে সম্পন্ন হয়। আর্থ-সামাজিক উন্নয়নে চট্টশ্রাম বন্দরের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বন্দরকে কেন্দ্র করে বন্দর এলাকার আশেপাশে গড়ে ওঠা বিভিন্ন ধরনের শিল্প কারখানা ও অন্যান্য প্রতিষ্ঠান দেশের অর্থনৈতিক উন্নয়ন তুরান্বিত ও বেকার সমস্যা সমাধানে যথেষ্ট অবদান রাখছে। সামশ্রিকভাবে বহির্বাদিজ্যের প্রসার, বহির্বিশ্বে পরিচিতি ও অর্থনৈতিক অবকাঠামো উন্নয়নে এবং সার্বিকভাবে অর্থনীতিতে গতি সঞ্চারে চট্টশ্রাম বন্দরের ভূমিকা অন্যবীকার্য। চট্টশ্রাম বন্দরের সাথে চাকাসহ দেশের অন্যান্য অঞ্চলের হুল, রেল এমনকি জলপথের যোগাযোগ ব্যবস্থা তুলনামূলক ভাল হওয়ার অন্ত ব্যবহে মালামাল দেশের বিভিন্ন অঞ্চলে পৌছানো সম্বব হচ্ছে।

মোংলা সমুদ্র বন্দর। মোংলা দেশের ছিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর। আর্থ-সামাজিক উন্নয়নে মোংলা বন্দরের ভূমিকা চউপ্রাম বন্দরের মত না হলেও অত্যস্ত গুরুত্বপূর্ণ। মোংলা বন্দরের মাধ্যমে অর্জিত রাজস্ব দেশের উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা রাখছে।

পাররা সমুদ্র বন্দর। পটুয়াখালীর কলাপাড়ার রামনাবাদ নদীর তীরে পায়রা সমুদ্র বন্দর নির্মাণ আরম্ভ হওয়ার পান্টে যাচ্ছে দক্ষিণ বালোর চিত্র। দেশের তৃতীয় সমুদ্র বন্দর পায়রা বন্দর নির্মাণকে থিরে হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ শুরু হওয়ার পান্টে যাচ্ছে উপকূলীয় মানুবের জীবন যাত্রা। এটা বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনার একটি অংশ। দেশের তৃতীয় পায়রা সমুদ্র বন্দর পূর্বমাত্রায় চালু হলে দক্ষিণ উপকূলের সাগরপাড়ের জনপদের অর্থনৈতিক জীবনকে শুধু পান্টাবে না বরং জাতীয় অর্থনীতিতে বিশেষ অবদান রাখবে বলে দৃত্ব বিশ্বাস রাখা যায়।

গজীর সমুদ্র বন্দর। ভ্-রাজনৈতিক প্রেক্ষাপটে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় বাংলাদেশের অবস্থান 
ডকতুপূর্ণ। মিয়ানমার ও ভারতের সঙ্গে সমুদ্রসীমা নিয়ে বিরোধ নিশ্পন্তির পর স্বভাবতই বঙ্গোপসাগর 
বিধৌত বাংলাদেশের ভ্-রাজনৈতিক ও অর্থনৈতিক গুরুতু বহুলাংশে বৃদ্ধি পেরেছে। সৃষ্টি হয়েছে 
অর্থনৈতিক উন্নয়নের বিপুল সম্ভাবনা। উল্লেখ করা যেতে পারে, বর্তমানে বাংলাদেশের বৈদেশিক 
বাশিজ্য প্রতিবছর গড়ে ও শতাংশের অধিক হারে বৃদ্ধি পাছে। অর্থনৈতিক উন্নয়নের গতির সঙ্গে তাল 
মেলাতে স্বভাবতই আন্তর্জাতিক বাশিজ্য আরোও বৃদ্ধি পারে বলে আশা করা যায়। প্রসঙ্গক্রমে উল্লেখ 
করা যেতে পারে যে, সনাতন ধারার সমুদ্রবন্দরগুলো বিকাশমান অর্থনীতির ভার বহনে যে আর সক্ষম 
হবে না, তা প্রতিবেশী দেশগুলো অনেক আগেই উপলব্ধি করে এবং ক্রমবর্ধমান ব্যবসা-বাশিজ্যের 
চাহিলা মেটানোর জন্য গভীর সমুদ্র বন্দর নির্মাণের উল্যোগ নেয়। ইতোমধ্যে পাকিস্তান, শ্রীলম্ভা ও 
মিয়ানমার গভীর সমুদ্র বন্দর নির্মাণ করেছে। ভারতও বঙ্গোপসাগরে গভীর সমুদ্র বন্দর নির্মাণের 
পরিকল্পনা করেছে বলে জানা যায়। অবশ্য এতে বাংলাদেশের গভীর সমুদ্র বন্দর নির্মাণের 
প্রয়োজনীয়তা বা গুরুত্ব কোনভাবেই কমবে না। ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশের 
জলসীমায় বিশেষজ্ঞগণের 'নির্মারিত' স্থানে গভীর সমুদ্র বন্দর নির্মাণ ক্রমবর্ধমান আন্তর্জাতিক 
ব্যবসা-বাশিজ্যের চাহিলা পূরণে যে সুবিধা দেবে, অন্য কোন আক্ষলিক বন্দর ততটা করবে না বলে 
বিশেষজ্ঞদেরই ধারণা।





ত্র ইকোনমি-সম্ভাবনা। বিশেষজ্ঞদের মতে, ত্র ইকোনমি স্বচ্ছ, নিরাপদ, দীর্ঘস্থারী অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে প্রথাগত এবং উদীয়মান উভয় খাতের অপার সম্ভাবনার ঘার উন্দুক্ত করেছে (Alam, 015,p.7)।

শিশিং এবং বন্দর। পৃথিবী ভূড়ে গড়ে প্রায় ৮০ ভাগ পণ্য সমুদ্র পথে বহন করে বিভিন্ন বন্দরে বালাস করা হয়। উন্নয়নশীল দেশের ক্ষেত্রে উক্ত হার আরও বেশী যেমন বাংলাদেশের ক্ষেত্রে সর্বসম্পতিক্রমে সমুদ্রপথে বহনযোগ্য পণ্যের পরিমাণ ৯০ ভাগেরও উপরে। প্রাঞ্চলিত কন্টেইনার ট্রাফিক ২০৩০ সালে বর্তমানের চেয়ে ৩ গুণ বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে। আকাশ বা স্থল পরিবহনের তুলনায় জাহাজের পণ্য পরিবহন সবদিক দিয়ে নিরাপদ এবং লাভজনক। (Alam, 2015. p.9)।

ষ্টিশারিজ। বিশ্ববাপী আহরিত আমিষের প্রায় ১৬% আসে মৎস্য সম্পদ থেকে। মৎস্য সম্পদ থেকে। উন্নয়নশীল লেশসমূহ প্রতিবছর প্রায় ২৫ বিলিয়ন মার্কিন ডলার আয় করে। খাদ্য নিরাপগুর পাশাপাশি মূল্যবান বৈদেশিক মূল্য অর্জনে মৎস্য খাত উপযুক্ত অবদান রাখতে পারে (Alam, 2015, p. 10)। আক্রোরা কালচার। গোটা বিশ্বে সর্বাধিক সম্প্রসারণশীল খাদ্য সেইর হল আ্যাকোয়া কালচার। বর্তমানে প্রায় ৪৭% মানুষের খাবারের চাহিলা এ সেইর থেকে মেটানো হচ্ছে। ১৯৬০ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত হিসাবে এ সেইর প্রায় ২৭ থেকে ৩১৮ মিলিয়ন টন পর্যন্ত আমিষের যোগান দিয়েছে। অ্যাকোয়া কালচার ব্লু ইকোনমির ক্ষেত্রে বেকারত দুরীকরণে এবং খাদ্যে শ্বয়ংসম্পূর্ণতা অর্জনে মূল্যবান অবদান রাখতে সক্ষম হবে যদি এ খাতটিকে সঠিকভাবে ব্যবস্থাপনা করা যায় (Alam, 2015, p. 3)।

টুরিক্স। বর্তমান সময়ে উপক্লীয় ও মেরিন টুরিজম একটি উল্লেখযোগ্য লাভজনক ব্রু ইকোনমির খাত। বিশেষতঃ উন্নয়নশীল ও খল্লোন্নত দেশে এ খাতটি ক্রমাখ্যে নিজের স্থান করে নিচ্ছে। এ খাতকে অধিকতর আকর্ষণীয় ও লাভজনক করার জন্যে সংশ্লিষ্ট মানব সম্পদের প্রশিক্ষণ এবং অন্যান্য সুযোগ-সুবিধা বিশেষত নিরাপত্তা বৃদ্ধির বিষয়টি সজাগভাবে পরিচালিত করা প্রয়োজন (Alam, 2015, p.4)।

ক্কালানী। সমুদ্র ও মহাসমুদ্র নির্ভর এনার্জি বা ক্কালানী সম্পদ ২০২৫ সালে ৩৪% এ উন্নীত হবে বলে আশা করা যায়। আধুনিক প্রযুক্তির ক্রমাগত উন্নতির কারণে গভীর সমুদ্রেও তেল ও গ্যাসের উর্ভোলন সহজ ও সাপ্রায়ী করে তুলছে। সমুদ্র তলদেশ থেকে হাইদ্রোকার্বন উল্ভোলন কোন নতুন খবর না হলেও সমুদ্র থেকে Renewable ক্কালানীর ব্যবস্থা অধিকতর জনপ্রিয়তা লাভ করেছে। বিশেষত wind, waves, tidal, biomass, thermal conversion এবং salinity gradients. তন্মধ্যে Wind Energy ইন্ডান্টির বর্তমানে সবচেয়ে উন্নত সামুদ্রিক ক্লালানী সোর্স। ক্লালানী সম্পদ বৃদ্ধি ও জাতীয় আর-উন্নতি একই সূত্রে গাঁখা। এ খাতের উন্নতির সাথে জাতি গঠন ওতপ্রোতভাবে জতিত। বাংলাদেশে এ খাতের যারা হাঁটি হাঁটি পা করে তব্দ হয়েছে। অদূর ভবিষ্যতে এ খাতকে আরও শক্তিশালী করা গেলে তা আমাদের জন্য অর্থনৈতিক সাফল্য নিয়ে আসবে তা জোর দিয়ে বলা যায় (Alam, 2015, p.4)।

বারোটেকনোলজি। সমুদ্র সম্পদ বলতে আমরা প্রধানত 'মাছ' ই বুঝি। তবে প্রযুক্তিগত উৎকর্ষ অর্জনের প্রক্রিয়ায়, জনসংখ্যা বৃদ্ধি এবং ভূমি খেকে আহরণযোগ্য সম্পদের নিরশেষিত হওয়া মানব সভ্যতাকে বারোটেকনোলজি খাতের দিকে উৎসাহিত করেছে। আশা করা যায় যে, অতিদ্রুত বর্ণিত খাতটি আন্তর্জাতিক বাজারে ঔষধ, কসমেটিকস্ ইত্যাদির কেন্দ্রবিপ্রতে পরিণত হবে। হয়ত আগামী দুই বা তিন দশকের মধ্যে বারোটেকনোলজি 'ব্রু বারোটেকনোলজি'তে রূপান্তরিত হরে মানবতার সেবার বড় ধরনের অবদান রাখবে (Alam, 2015, p.4)।

গভীর সমুদ্র মাইনিং। সমুদ্রের উপরিভাগে জাহাজ চলাচল, মধ্যভাগ তথা পানিতে মংস্য ও অন্যান্য প্রাণীজ এবং তেখজ উপাদান আহরণ, সমুদ্র তলদেশে (Sea bed) খননের মাধ্যমে তেল ও গ্যাস উল্লোচন ইত্যাদিতে বর্তমান মানব সভ্যতা থেমে নেই। বর্তমান লক্ষ্য হল; এমনকি উন্নয়নদীল ও খল্লোন্নত দেশসমূহের, গভীর সমুদ্রের তলদেশের গভীরেও খনন বা মাইনিং করে Polymetallic Modules, Cobalt Crusts, এবং Sulphur বাণিজ্যিকভাবে উল্লোচন করা যায়। এ খনিজ ও খাতব পদার্থসমূহ, 'renewable energy' এবং Information and Communication Technology তে ব্যবহৃত বিভিন্ন উপাদানে কাঁচামাল হিসেবে ব্যবহার করা যাবে। সমুদ্র বিশারদগণের ধারণা যে, আগামী ১৫-২০ বছরে পৃথিবীর প্রয়োজনীয় খনিজ পদার্থ যেমন: Cobalt, Copper, এবং Zinc এর প্রায় ১০% সমুদ্র তলদেশ থেকে উদ্রোলন সম্ভব। এ খাত বিকাশ লাভ করলে ব্র ইকোনমির ক্ষেত্রে বিপ্লব সাধিত হয়ে আরও একটি নতুন দ্বার উন্মুক্ত হবে বলে আশা করা যায় (Alam, 2015, p.5)। গভার্নেল। অর্থনৈতিক উন্নতি অর্জনে সমুদ্র নির্ভর কোন জাতি সমুদ্রকে অবহেলা বা অবজ্ঞা করে খীয় উন্লতির দিকে এগিয়ে যেতে পারে না। ব্লু ইকোনমিকে অনিন্দ্য সুন্দর মুক্তোর মালার সাথে তুলনা করা যেতে পারে। মালাটির একেকটি মুক্তা আলাদা আলাদাভাবেও অত্যন্ত মূল্যবান। যেমন: শিপিং, বন্দর, ফিশারিজ, অ্যাকোরা কালচার, মেরিন ট্রারিজম, সমূদ্র নির্ভর জ্বালানী, বারোটেকনোলজি, মাইনিং ইত্যাদি ব্লু ইকোনমির একেকটি মুক্তো। তবে যে সূতা, এ প্রত্যেকটি মুক্তোকে সুন্দর ও সঠিকভাবে এখিত করবে তা হল 'গভার্নেল'। গভার্নেল বলতে আমরা এ ক্ষেত্রে পুরোপরি না হলেও ব্র ইকোনমির দক্ষযজ্ঞের সুশৃংখল নিয়ন্ত্রণ বা পরিচালনা বুঝি। ITLOS (International Tribunal for Law of the Sea) 4R PCA (Permanent Commission for Arbitration) রায়কৃত সমুদ্র জয় আমাদের তুলনামূলক বিশাল সমুদ্র এলাকার উপকূল (Coastal Area), একান্ত অর্থনৈতিক এলাকা (Exclusive Economic Zone) এমনকি মহীদোপান (Continental Shelf) পর্যন্ত UNCLOS এ বিধিবদ্ধ আইন অনুয়ায়ী অর্থনৈতিক কর্মকাঙ সূচাক্ররূপে পরিচালনার্থে গভার্নেন্দ এর কোন বিকল্প নেই বলেই প্রতীয়মান হয়। (Alam, 2015, p.5)। চিত্র ৪:এ ব্র ইকোনমি সরল মডেলে বিষয়টিকে চিত্রিত করার চেষ্টা করা হয়েছে।



চিত্র ৪ : গভার্নেদ প্রভাবিত ব্রু ইকোনমি সরল মডেল

#### প্রযুক্তির হৈত ব্যবহার ঃ নৌ শক্তির উন্নয়ন ও জাতীয় স্বার্থ

প্রস্তাবনা। মেরিটাইম বা নেভাগ টেকনোগজি সংগত কারণে অত্যন্ত ব্যরবহুল। তবে একই টেকনোগজির ব্যবহারে দ্বিমুখী লাভ তথা মেরিটাইম/নৌ শক্তির উন্নয়ন এবং জাতির গঠন উভর অঙ্গনে সমৃদ্ধি অর্জন করা গেলে তা হতে পারে সাধারণ জনগণের কল্যাণের সোপান। এতে করে সরকারি কোষাগারের বরচ আপাতসূচিতে ব্যরবহুল হলেও যুক্তিসংগত কারণে গ্রহণীয় হবে। বাংলাদেশে এরপ প্রযুক্তির হৈত ব্যবহার দেশটির বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাগটে অত্যন্ত যুগোপযোগী পদক্ষেপ বলে প্রতীয়মান হয়।

প্রযুক্তি ও দৌ ক্টনীতি (Technology and Naval Dioplomacy). বাংলাদেশের জন্য কৌশলগত ও ক্টনৈতিক উভয় ক্ষেত্রে সাঞ্চল্যের নিমিত্তে প্রচলিত ধ্যান-ধারণা থেকে বের হয়ে বাজের বাইরে (Out of the box) চৌকস কিছু করতে হবে। বাংলাদেশ দৌবাহিনী জাহাজের মাখ্যমে প্রতিবেশী বজুপ্রতীম রাষ্ট্রসমূহকে 'ফ্লাগ' দেখানো স্বাভাও প্রযুক্তি ও দৌ ক্টনীতির মাখ্যমে 'in all four dimension' এ আমাদের সপৌরব রাষ্ট্রীয় উপস্থিতি নিশ্চিত করতে হবে। আমাদের জাতি গঠনের মূল চাবি বা মন্ত্র হতে হবে: 'How to achieve more with less'- কিতাবে স্বন্ধ ব্যয়ে অধিক অর্জন সম্বত্তর





নৌ শক্তি বৃদ্ধির সূচিন্তিত উপায়। বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেকাপটে আমাদের নৌ শন্তির বিকাশ দেশের অর্থনীতির সাবে তথু সংগতিপূর্ণ হলেই চলবে না; অর্থনীতির সার্বিক গতি সঞ্জারে প্রয়োজনীয় ভূমিকাও রাখতে হবে। বাংলাদেশ তথা নৌবাহিনীর একুশ শতকের চ্যালেঞ্চ মোকাবেলার আমরা শ্বরুপ রাখতে পারি এ আন্ত বাকাটি 'often old or discarded technology can be very useful if adopted innovatively'। আমরা এ ব্যাপারে আন্তঃমন্ত্রপালর, আন্তঃসংস্থা সহযোগিতা বৃদ্ধি করে তা আন্তঃরান্ত্রীয় পর্যায়ে উন্নীত করতে পারি। এতদ্বাতীত, স্থানীয় শিল্প কারখানা, শিক্ষা-প্রতিষ্ঠানসমূহকে Dual Purpose টেকনোলজি ব্যবহারে এবং গবেষণায় উৎসাহিত করতে পারি।

নৌ শক্তির প্রয়োজনীয়তা। এক কথার বলা যার 'The purpose of seapower like all military power is furthering of national interest.' অর্থাৎ জাতীয় স্বার্থ সিদ্ধির লক্ষ্যে বা স্থায়ী সমৃদ্ধি অর্জনে অবদান রাখতে নৌ শক্তি বৃদ্ধি আমাদের জন্য অত্যন্ত প্রয়োজন। আমাদের উপকৃলীয় অঞ্চল থেকে গভীর সমুদ্র পর্যন্ত জাতীয় স্বার্থের নিরাপত্তা এবং অর্থনৈতিক কার্যক্রম পেশাগত দক্ষতার সাথে নিশ্চিত করার জন্য প্রতিরক্ষার ক্ষমতারন, সক্ষমতার বহিঃপ্রকাশ এমনকি সম্ভাব্য শক্ত আক্রমণের মুখে প্রতিরক্ষার্থে আক্রমণের যোগাতা অর্জন করা ছাড়া গতান্তর নেই।

নৌ প্রতিরক্ষার ক্ষমতারন। একান্ত অর্থনৈতিক এলাকার (EEZ) তথুমাত্র অর্থনৈতিক কর্মকান্ত পরিচালনা হবে না। EEZ এলাকাটা হবে আমাদের Second line of defence, সামূদ্রিক এলাকার নিরক্সুশ নিরম্ভেণ আমাদের মার্চেন্ট শিপিং এর উন্নয়নের জন্যন্ত ভরুতুপূর্ণ। আমাদের উপকৃলবর্তী এলাকাকে ক্রান্তিকালীন সময়ে শক্রকে 'Deny' করার ক্ষমতান্ত অর্জন করতে হবে।

নৌ সক্ষমতার প্রকাশ। জাতিসংঘ শান্তিরকা মিশনে পেবাননে গত প্রায় এক দশকের মতো সময় ধরে নিয়োজিত দৃটি যুদ্ধজাহাজ আমাদের নৌ শক্তি তথা বাংলাদেশের নৌ সক্ষমতা প্রকাশের উত্তম উদাহরণ। এতহাতীত, বিভিন্ন আঞ্চলিক মহড়া বথা MILAN, FEROCIOUS FALCON, LIMA, AMAN ইত্যাদিতে আমাদের নৌবাহিনীর জাহাজসমূহের নিয়মিত অংশগ্রহণ বন্ধু প্রতিম রাষ্ট্রের জন্যে বরে নিয়ে যায় ওড়েছা ও শান্তির বার্তা এবং সম্ভাব্য শক্ষদেরকে করে কঠোর হুশিয়ার।

নৌ আক্রমণের যোগ্যতা। নৌ শক্তি; গ্রন্থতি, প্রতিরক্ষা এমনকি সক্ষমতা অর্জন কিংবা প্রকাশের পর (Preparedness, Defence, Power Projection) আক্রমণের যোগ্যতা (Offence or Strike Capability) অর্জন না করতে পারলে জাতির স্বাধীনতা-সার্বভৌমতু রক্ষার আসল প্রয়োজনে কোন কাজে আসবে না। সুতরাং আমদের সূচিস্তিত উপায়ে নৌশক্তি বৃদ্ধিতে এমন আরোজন রাখতে হবে যাতে করে জাতি গঠনে সরাসবি অবদান রাখা যায়।

জাতীর শার্থ সংরক্ষণ। ঐতিহাসিকভাবে, নৌ প্রজেক্টসমূহ অত্যন্ত ব্যয়বহুল ইংরেজিতে যাকে বলে Gargantuan. এ ধরনের প্রজেক্টসমূহ সীমিত জাতীয় সম্পদের একটা বড় জংশের যোগান দেয়া ছাড়া বান্তবায়ন প্রায় অসম্ভব। সূতরাং এসব প্রজেক্ট থেকে জাতীয় শার্থ সংরক্ষণ তথা জনকল্যাণ সাধিত না হলে তা অগ্রহণযোগ্য এবং অজনপ্রিয় হরে যার। সূতরাং এসব প্রজেক্টসমূহে, জনসাধারণের কর্মসংস্থান, সংশিষ্ট শিল্পকারখানা, স্থাপনার উৎপত্তি, বৈদেশিক মুদ্রার সাধার এমনকি রক্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রার আরের পর্য ও পর্যা প্রসাম করা সময়ের দাবি। সংবিধানের ধারা ২৫ এ বর্গিত জাতীয় নিরাপত্তা নিশ্চিত করতে হলে দেশের জনগণের 'Well Being' নিশ্চিত করা অত্যন্ত প্রয়োজন। দেশের সাধারণ জনগণ ভাল থাকলে, শান্তিতে থাকলে, সমৃদ্ধি অর্জন করলে তা সার্বজনীনভাবে অন্যান্য জাতীয় বার্থের সংরক্ষণে প্রত্যক্ষ প্রভাব বিদ্ধার করবে বলে আশা করা যায়। এমতাবস্থায় মেরিটাইম স্ট্রাটেজি হতে পারে বাংলাদেশের জাতীয় বার্থ রক্ষার অন্যতম হাতিয়ার।

আতি গঠন-বাড়তি পাওনা। প্রযুক্তির খৈত ব্যবহার, জাতিগঠনে ও নৌ শক্তির উন্নয়নে অতিরিক্ত যে সব উপকার পাওয়া যাবে তা হলো সুশীল সমাজের এবং সংশ্লিষ্ট নৌ বিশারদ, ইঞ্জিনিয়ার শিল্পতিগণের অন্তর্ভুক্তি, বিশ্ববিদ্যালয়, জ্বাগানী ইভান্মি, জাহাজ নির্মাণ শিল্প ও জাহাজ ভাঙ্গা শিল্পের, বন্দরের, তথ্য প্রযুক্তি, বেসরকারি সংস্থা (NGO) ইত্যালি অন্যান্য অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠানের সম্পূক্ততা ও অংশ্বাহণে অর্জিত সাকল্য জাতীয় অর্থনীতিতে অত্যন্ত বড় মাপের এবং প্রত্যক্ষ অবদান রাখতে পারবে।

#### উপসংহার

বাংলাদেশ নদীমাতৃক এবং অবশ্যই বর্তমান শ্রেক্ষিতে সমুদ্র মাতৃকও বটে। দেশের অভ্যন্তরীদ নদী পর্যই ওধু নয়, এর রয়েছে উপকৃল থেকে ২০০ কিলোমিটার বিতৃত একান্ত অর্থনৈতিক এলাকা। অধিকন্ত সমুদ্র এলাকা চিহ্নিত হওয়ায় গোটা এলাকা সাময়িকভাবে আমাদের মূল ছলভাগের রায় সমান। এ এলাকা তৈল, গ্যাসসহ অজানা অনেক প্রাকৃতিক সম্পদে ভরপুর। তাই একান্ত অর্থনৈতিক এলাকা এবং ক্ষেত্র বিশেষে মহীসোপান এর মধ্যে সকল প্রকার অর্থনৈতিক কর্মকাত্তর একচছত্র অধিকার বাংলাদেশের। বিশ্বায়নের ফলে রাষ্ট্রসমূহের পরশ্বের নির্ভরশীলতা কৃত্তি পাওয়ায় আমাদানি-রন্তানি বায় বাভাবিকভাবেই নৌ পথে অন্যান্য দৃটি মাধ্যম (যেমন-ছল ও আকাশ পর্য) থেকে তুলনামূলকভাবে অনেক সন্তা। ফলে, পণ্য পরিবহণে দেশি ও বিদেশি উৎলাদনকারীরা নদী ও সমুদ্র পথকেই বেছে নিয়ছে।

মানব সভ্যতার ইতিহাস পর্বালোচনা করলে প্রতীয়মান হয় যে, মানুযের সমুদ্রে গমন, বিচরণ ও আধিপত্য বিভারের স্পৃহা আদিম যুগ থেকেই প্রচলিত। যে জাতি সমুদ্রে যত বেশি আধিপত্য ছাপনে সক্ষম হয়েছে সে জাতি তত শক্তিশালী ও উন্নত হিসেবে পৃথিবীর বুকে স্থান করে নিয়েছে। সময়ের বিবর্তনে আজ একবিংশ শতান্দিতেও মানুষের সমুদ্র জয়ের সে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। নিত্য নতুন প্রতুজি ব্যবহারের মাখ্যমে এটি একটি নতুন পরিসর ধারণ করেছে। স্থাভাগে সম্পদের সীমাবদ্ধতার কারণে সমুদ্র উপকূলবর্তী দেশগুলো সমুদ্র সম্পদ আহরণের প্রতি পূর্বের যে কোন সময়ের তুলনায় খুব বেশি পরিমাণ ঝুঁকে পড়েছে। এ প্রেক্ষিতে সমুদ্র আধিপত্য রক্ষা তথা সুষ্ঠ পরিবেশে জাতীয় সম্পদ আহরণে প্রায় প্রতিটি দেশে জাতীয় নীতির প্রধান কৌশল হিসেবে 'কমপ্রিহেনসিত মেরিটাইম ইট্রাটেন্ডি' হিসেবে বিবেচিত হচ্ছে। সমুদ্রে সুশৃক্তালা রক্ষা এবং নিরাপদ পরিবেশে বজায় রেখে জাতীয় বার্থ সিদ্ধির তথা স্থায়ী সমৃদ্ধি লাভের বিষয়টি তাই অত্যন্ত গুরুত্বপূর্ণ। এমন পরিস্থিতিতে সমুদ্র এলাকায় আইন-শৃক্তালা রক্ষাকারী বাহিনীর অবস্থান শক্তিশালীকরণের জন্য বিশ্বের সকল রাব্রের প্রচেষ্টা পূর্বের যে কোন সময়ের তুলায় ব্যাপক। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়; আমাদের দেশে সরকার এবং নৌবাহিনীর নেভূত্বে এ সংক্রান্ত উদ্যোগ তথু ব্রিমান্ত্রিক নৌ শক্তি অর্জনে সীমাবদ্ধ নয়। বরং জাতি গঠনে, জাতীয় উন্নয়নে ও স্থায়ী সমৃদ্ধি অর্জনের পথে সুপরিকল্পিত মাইলফলক।

ব্র ইকোনমি থেকে জাতিকে উপকৃত হতে হলে তা হতে হবে একটি সুচিন্তিত ও সুপরিকন্তিত কম্প্রিহেনসিভ মেরিটাইম স্ট্যাটেন্ডি' প্রণয়ন এবং বান্তবায়নের মাধ্যমে, যেখানে ব্র ইকোনমি এবং দৈত প্রযুক্তি ব্যবহার হতে পারে প্রধান নিয়ামক। ব্র ইকোনমির কার্যক্রম ও হৈত প্রযুক্তির ব্যবহারে অর্জিত হতে পারে স্থায়ী সমৃদ্ধি। দীর্ঘস্থায়ী জাতীয় সমৃদ্ধি অর্জনে চিত্র ৫ এ বর্ণিত তিন ধাপ কর্ম কৌশল অবলখন হতে পারে বাংলাদেশের বিশ্ব দরবারে উন্নত ও গৌরবাধিত জাতি হিসেবে আত্মপ্রকাশের অন্যতম প্রধান উপায়।



চিত্র ৫ : দীর্ঘস্থায়ী সমৃদ্ধি অর্জনে তিন ধাপ স্ট্র্যাটেজি

মেরিটাইম স্ট্র্যাটেজি বাংলাদেশের জাতীয় খার্থের প্রাথমিক উদ্দেশ্যসমূহকে শক্তিশালী করতঃ ছায়ী উন্নয়ন অর্জনের দিতীয় লক্ষ্যকে সুগম করতে পারলে সংবিধানে সংজ্ঞায়িত জাতীয় খার্থ সূচাক্ষরূপে সংরক্ষিত হবে বলে আশা করা যায়। সাধারণ জনগণের ভাগ্যন্লোয়নে মেরিটাইম স্ট্র্যাটেজির সফল প্রয়োগ, ধাপে ধাপে আমাদের প্রিয় মাতৃত্মিকে এনে দিতে পারে অতি কাজ্ঞিত দীর্থছায়ী শান্তি, সমৃদ্ধি, নিরাপন্তা এবং গৌরব।







#### তথ্যসূত্র

- Alam, R Adm Mohammad Khurshed, Bangladesh's Maritime Challenges in the 21st Century, Pathak Samabesh, Dhaka, 2004.
- Alam, R Adm Mohammad Khurshed, Ocean/Blue Economy for Bangladehs, Secretary, MAU, MOFA. Paper Presented to NDC in 2015.
- Australian Maritime Doctrine, 2010
- Bangladesh-Bhutan Bilateral Trade Statistice, www.dhakachamber.com [Accessed on 10 Jun 2018]
- e. Defence Journal, June, 2008.
- 6. Dhaka Tribune, 08 July 2014 [Accessed on 27 May 2018]
- Heuser Beatrice, The Evolution of Strategy: Thinking War from Antiquity to the Present, Cambridge University Press, 2010.
- Holms, James R, Elements of US Maritime Strategy, the diplomat.com.
   [Accessed on 27 May 2018].
- India's Maritime Military strategy, 2007.
- 30. Indian Maritime Doctrine, 2004.
- Liotta, P.H. Still Worth Dying For: National Interest and the Nature of stratgey, Prof@www.usnwc,edu [Accessed on 11 June 2018]
- ১২. Mahan, A.T (1890) The Influence of Sea Power Upon History, 1660-1783, Emereo Publishing
- 50. Maritime Doctrine of Bangladesh, 2012.
- 58. Mujibur, M. R (2002) evsjv Zvdmxi KziOAvbyj Kvixg, 'viæm mvjvg|
- Shaikh Naim M, Maritime Strategy and Nation Builiding Technology, Defence Journal 2008.
- ኦ৬, Sakhuja, Vijay, Asian Maritime Power in the 21st century: Strategic Transactions China, India and Southeast Asia, Institute of Southeast Asian Studies Singapore, 2011.
- Till, Geoffrey, Sea Power Theory and Practice, FRANK CASS & CO LTD, Portland, March 1994.
- >b. Till, Geoffrey, Sea Power a Guide for the Twenty-First Century FRANK CASS & CO. LTD, Simultaneously published in USA and CANADA, 2004.
- كلا. The Constitution of the People's Republic of the Bangladesh, 2011.
- ২০. সশস্ত্র বাহিনী দিবস জার্নাল-২০০৭।
- ২১. সশস্ত্র বাহিনী দিবস জার্নাল-২০১০।
- ২২, সশস্ত্র বাহিনী দিবস জার্নাল-২০১২।
- ২৩. বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী নাবিক-২০০৯।
- ২৪. বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী নাবিক-২০১০।
- ২৫. বাংলাদেশ নৌবাহিনী বার্ষিকী নাবিক-২০১১।
- ২৬. নৌপরিক্রমা এপ্রিল-জুন-২০১১।





# রাখাইনের নির্যাতিত জনগোষ্ঠী ও বিপন্ন মানবতা - বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অবদান

লেঃ কর্নেল মোহাম্মদ মাহবুব আলম শিকদার, এএফডব্লিউসি, পিএসসি

# ভূমিকা

দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্ববৃহৎ রাষ্ট্র বার্মা বা মিয়ানমারের একটি রাজ্য আরাকান যার বর্তমান নাম রাখাইন রাজ্য। এই রাখাইন/আরাকান রাজ্যের উত্তরে চীন ও ভারত, দক্ষিণ ও পন্চিমে বঙ্গোপসাগর, উত্তর ও পন্চিমে বাংলাদেশ অবস্থিত। আরাকানের জনসংখ্যার একটি বড় অংশ ইসলাম ধর্মের অনুসারি; এলের মধ্যে রোহিঙ্গারা বৃহত্তম মুসলিম জনগোষ্ঠী। খ্রীস্টপূর্ব ২৬৬৬ অব্দ থেকে ১৭৮৪ খ্রিস্টাব্দ পর্যন্ত আরাকান একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত ছিল। ১৭৮৪ সালে বর্মারাজ বোদাপায়া সশস্ত্র আক্রমণের মাধ্যমে আরাকানের শেষ স্বাধীন রাজাকে পরাজিত করে আরাকানকে বার্মার অন্তর্ভুক্ত করার পর থেকে অদ্যাবধি আরাকান সেখানকার প্রদেশ হিসেবে পরিগণিত হয়ে আসছে। রোহিঙ্গা জনগোষ্ঠীর উপর নির্যাতন কর হয় ১৭৮৪ শলে যা আক্ষন্ত চলমান। শত শত বহর ধরে আরাকানে বসারাস করেও রোহিঙ্গারা এখন সেদেশের নাগরিক হিসেবে স্বীকৃত নয়। বর্তমানে তারা নিজ দেশে ও পৃথিবীর বিভিন্ন দেশে নাগরিকতৃহীন, নাগরিক অধিকারবিহীন উদ্বান্ধ জীবন যাগনে বায়া হছে। যদিও আরাকানের মুসলিম সংস্কৃতি ও ইতিহাস ঐতিহ্যের ধারক-বাহক হিসেবে রোহিঙ্গাদের ভূমিকাই ছিল মুখ্য। অথচ ১৯৮২ সালে মিয়ানমার সরকার আইন করে রোহিঙ্গাদের নাগরিকতৃ বাতিল করে জাতীয় পরিচয়পত্র কেন্ডে নিয়েছে এবং পর্যায়ক্রমে তাদেরকে দেশ থেকে বিতাভ্তিত করেছে।

# রোহিঙ্গাদের সংক্রিপ্ত ইতিহাস ও বর্তমান বাস্তবতা

আরাকানে রোহিঙ্গাদের অবস্থান সম্পর্কে বিশিষ্ট ভূগোলবিদ Dr. Francis Buchanan ১৭৯৯ 
সালে তার লেখা 'বার্মিজ অ্যাম্পায়ার' বইরে উল্লোখ করেছেন, 'আরাকানে দীর্ঘকাল ধরে মুসলমানরা 
বসবাস করে আসছে এবং তারা নিজেদেরকে রোহিঙ্গা বা আরাকানের অধিবাসী বলে মনে করে।' 
তারতের নোবেল বিজয়ী অমর্ত্যাসেন বলেন, The Rohingya did not come to Burma: But 
Burma came to Rohingya, অধিকাংশ ইতিহাসবিদরাই মনে করে যে, রোহিঙ্গারাই আরাকানের 
ছারী অধিবাসী। রোহিঙ্গারা আরাকানের মুলধারার সূলী মুসলিম। রোহিঙ্গারাই আরাকানের বসতি 
ছাপনকারী প্রথম দিকের আরব মুসলিম নাবিক ও ব্যবসায়ী সম্প্রদায়। এরা আরব ব্যবসায়ী হিসেবে 
আগমন করলেও তাদের বসতি ছাপনা প্রায় ১৩০০ বছর পূর্বের। রোহিঙ্গারা আকিয়াব (বর্তমানে 
দিটিওয়ে), মন্থে, বৃচিঙৎ, পাণ্ডরকিল্লা, পাউকতাউ, পুন্যান্ডন, মেবন, অন, মিনবিয়া, কাইউকপাই, 
রাধিডসেহ মিয়ানমারের বিভিন্ন এলাকায় বসবাস করে।

মিয়ানমারের স্বাধীনতা লাভের পর ১৯৫৭ ও ১৯৬৬ সালের নির্বাচনে রোহিঙ্গারা ভোটাধিকার প্রয়োগ করেছে এবং তাদের জাতীয় সংসদে প্রতিনিধিত করেছে। রোহিঙ্গারা বিভিন্ন সময়ে মিয়ানমার সরকারের অনেক উচ্চ পদেও দায়িত পালন করেছে। ১৯৭০ সাল পর্যন্ত রোহিঙ্গা শব্দটি মিয়ানমার সরকারের বিভিন্ন নির্থিপয়, জুলের পাঠ্যবই ও সংবাদপরে ব্যবহৃত হয়েছে। বর্তমানে মিয়ানমার সরকার রোহিঙ্গাদের সেনেশের অধিবাসী বলে শীকার করেনা। রোহিঙ্গাদেরকে দেশত্যাগে বাধ্য করার জন্য মিয়ানমার সরকার নতুন নতুন আইন করেছে। রোহিঙ্গারা কোন প্রকার সরকারি সেবা প্রহণ করতে পারে না। ব্যাংকে লেনদেন করতে পারে না। বিন্যুৎ, পানি, জ্বালানী সেবার জন্য আবেদন করতে পারে না। নিজ পরিচয়ে জুল – কলেজে ভর্তি হতে পারে না। সরকারের অনুমতি ব্যতীত রোহিঙ্গারা এক উপশহর হতে অন্য উপশহরে যাতায়াত করতে পারে না, বিয়ে করার জন্য প্রশাসনের অনুমতি নিতে হয়, দুইটির বেশি সস্তান নিতে সরকারকে অর্থ প্রদান করতে হয়। এছাড়াও ১৯৯৪

<sup>2.</sup> The Muslim of Burma, page-99



www.thestateless.com/2017/05the-concept-of-citizenship-inburma-and-the- status-of-rohingyas.html )

সালে মিয়ানমার সরকার কর্তৃক রোহিঙ্গাদের জন্ম সনদ প্রদান বন্ধ করে দেয়া হয়। ২০০১ সালে আরকানের ২৮টি প্রসিদ্ধ মসজিদ ও মাদ্রাসা সম্পূর্ণরূপে ধ্বংস করে দেয়া হয়। গুসকল প্রকার ইসলাম ধর্মীয় রীতিনীতির উপর কঠোর নিষেধাজা আরোপ করা হয়। একারণে রোহিঙ্গাদের মধ্যে অনেকেই বাধ্য হয়ে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, মালয়েশিয়া, সৌনি আরব, থাইল্যাভসহ পৃথিবীর অন্যান্য দেশে আপ্রয় নিয়েছে। শত শত বছর ধরে রোহিঙ্গা মুসলমানদের জাতিগতভাবে নির্মূল করতে বার্মা রাজা 'বোদাপায়' থেকে তরু করে বর্তমান সরকার পর্যন্ত ভাদের উপর নিপীভন চলমান রেখেছে।

## রোহিঙ্গাদের উপর চালিত গণহত্যা ও তাদের অভিপ্রয়ান

১৭৮৫ সাল থেকে অদ্যাবধি নাসাকা বাহিনী, মগ ও বৌদ্ধ ভিক্নুসহ সকলে মিলেই রোহিলাদের
নিচিন্থ করতে তাদের উপর অমানবিক নির্যাতন করেছে। ১৮২৪-২৬ এংলো-বার্মিজ যুদ্ধে বহুসংখ্যক
রোহিলাকে হত্যা করা হয় এবং আরকান প্রদেশকে বৃটিশ-ইন্ডিয়ার সাথে সংযুক্ত করা হয়। ১৯৪২-৪৩
সালে বৃটিশদের সহযোগী হিসেবে রোহিলা এবং জাপানিদের সহযোগী হিসেবে রাখাইনদের মধ্যে
সংঘর্ষ সংঘতিত হয়, উভয় দিকেই গণহত্যা সংঘতিত হয়। মিয়ানমারের সরকারি ও বেসরকারি
বাহিনীর অত্যাচারে অতীতকাল থেকেই রোহিলারা বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে পালিয়ে দিয়ে
ছায়ীভাবে বসবাস তক করেছে। আমানেস্টি ইন্টারন্যাশনাল এর মতে, ওধু বাংলাদেশের খামীনতা
পরবর্তী সময়ে ১৯৭৮-৭৯ সালে মানবাধিকার লংঘনের শিকার হয়ে প্রায় ৩,০০,০০০ রোহিলা
মুসলিম বাংলাদেশে পালিয়ে আসে। ১৯৯১-৯২ সালের এক দালায় প্রায় ২,৬২,০০০ রোহিলা
বাংলাদেশে আসে। এই রোহিলাদের অনেকেই বিগত ২৬ বছর যাবং বাংলাদেশে অবছান করছে।
২০১২ সালে প্রায় ৪০,০০০ রোহিলা বাংলাদেশে আসে। ২০১৬ সালের ০৯ অক্টোবরের ঘটনার পর
প্রায় ৮৫,০০০ রোহিলা মিয়ানমার হতে বাংলাদেশে পালিয়ে আসে।

২৫ আগস্ট ২০১৭ সালে রোহিঙ্গাদের মিয়ানমার হতে সমলে উৎপটিনের জন্য মিয়ানমার সেনাবাহিনী আরাকানের সর্বত্র রোহিঙ্গাদের উপর ধর্ষণ, লুটতরাজ, হত্যাযজ্ঞ চালায়; গ্রামের পর গ্রাম আগুন দিয়ে পুড়িয়ে দেয়। প্রাণে বাঁচতে ৭,০০,০০০ এর অধিক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিক বাংলাদেশে পালিয়ে আসে। একই সময়ে মুসলিম বিৰেখী উগ্ৰপন্থি বৌদ্ধদের বিভিন্ন সংগঠন মিয়ানমার সরকারের অনুমতিক্রমে 'মুসলমান মুক্ত এলাকা' সহ বিভিন্ন উদ্ধানিমূলক বন্ধব্য লিখে বিভিন্ন স্থানে সাইনবোর্ড টানিয়ে দেয় ৷ ২৫ আগস্ট ২০১৭ এর পরবর্তী সময়ে 'আল জাজিরা' তদন্ত দল-মিয়ানমার সরকার কর্তৃক জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের উপর যে গণহত্যা চালানো হয়েছে এর সত্যতা পেয়েছে। যার প্রমাণস্বরূপ মিয়ানমারের আরাকান রাজ্যের বিভিন্ন স্থানে গণকবরের সন্ধান পাওয়া যায়। 'আল জাজিরা' ও মানবাধিকার সংস্থা 'ফোর্টিফাই রাইটস' এর যৌথ তদন্তে প্রকাশিত হয়েছে যে, রাজনীতিবিদের উদ্ধানিমূলক বন্ধব্য গণহত্যাকে উৎসাহিত করেছে। 'আল জাজিরা' ও মানবাধিকার সংস্থা 'ফোর্টিফাই রাইটস্' এর মতে, রাজনৈতিক দলসমূহ স্বার্থ রক্ষার্থে বৌদ্ধ ও মুসলিমদের মধ্যে সাম্প্রদায়িক সহিংসতা উক্তে দিয়েছে। রাজনৈতিক দলসমূহের বক্তব্যে রোহিঙ্গাদের প্রতি বিবেষ পরিলক্ষিত হয়েছে এবং তারা রোহিঙ্গাদের নির্যাতন ও নিগীভূনের জন্য মগদের আর্থিক সহায়তা প্রদান করেছে। ফলে মিয়ানমারের বৌদ্ধ সংগঠন ১৬৯ কর্তৃক রোহিঙ্গারা প্রতিনিয়ত নির্যাতিত ও নিপীড়িত হয়েছে। এছাড়াও মিয়ানমার সেনা, বিজিপি, পুলিশ কর্তৃক রোহিঙ্গাদের হত্যা, নির্যাতন ও নিপীড়ন করা হয়েছে। কল্পবাজার জেলায় অবস্থিত জাতিসংঘ শরণার্থী বিষয়ক সংস্থার প্রধান কর্মকর্তা 'জন ম্যাককিসিক' বিবিসি বাংলার সাথে এক সাক্ষাৎকারে বলেন, 'মিয়ানমার সেনাবাহিনী রোহিঙ্গা পুরুষদের হত্যা, শিওদের জবাই, নারীদের ধর্ষণ, বাড়ি-ঘরে অগ্নিসংযোগ এবং ব্যাপক লুটতরাজ করেছে।" মিয়ানমারে দীর্ঘ দিন যাবৎ আন্তঃধর্মীয় ও আন্তঃগোষ্ঠীয় বিবাদ চলমান রয়েছে। মিয়ানমারে বিভিন্ন ধর্মের লোক থাকলেও সংখ্যালমুদের ধর্মীয় স্বাধীনতা ক্ষীণ। ইতিপূর্বে মিয়ানমারে রাখাইন ও রোহিঙ্গাসহ বিভিন্ন সংখ্যালঘু গোষ্ঠীর উপর নির্যাতন ও নিপীড়ন করা হতো এবং সব সময়ই নির্যাতন ও নিপীড়ন এর ক্ষেত্রে রোহিঙ্গাদের সুনির্দিষ্টভাবে বেছে নেয়া হয়েছে। সকল ক্ষেত্রেই রোহিঙ্গাদের উপর বৈষম্য করা হতো। কলে মিয়ানমারের আরাকান রাজ্যে স্থানীয় মগ ও রোহিঙ্গাদের



শতাব্দির ট্রাজেভি রোহিকা মুসলিম, পৃষ্ঠা-৪৬।

<sup>8.</sup> The History of the persecution of Myanmar's Rohingya, page-41

www.dev.com/en/myanmars-rohingya-a-history-of-forcedexuduses/a-40427304 |

भानवाधिकात मर्लार्टन वामी विख्यान बाँदिएन्।

<sup>9.</sup> Genocide in Myanmar, page-48 |

৮. निर्मित्र बारमा-२८/১১/२०১९।



মাঝে শব্রুতা বহুপূর্ব হতেই বিরাজমান রয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২৫ আগস্ট ২০১৭ তারিখ আরাকানে বসবাসরত রোহিলাদের উপর মিয়ানমার সেনাবাহিনী, বিজিপি, পূলিশ ও স্থানীয় মগরা চরম দমন-নিপীড়ন ও নির্বাতন চালায়। ফলে এপর্যস্ত (২৫ আগস্ট ২০১৭ এরপর হতে) প্রায় ৭ লক্ষাধিক জারপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক সহায় সমল হারিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। বর্তমানে বাংলাদেশে কুতুপালং, বালুখালী, লেদা ও নয়াপাড়াসহ বাংলাদেশের ২৭টি ক্যাম্পে পুরাতন রোহিলাস্থ প্রায় ১১ লক্ষাধিক জারপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক বসবাস করছে।

# মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা - মানবতার প্রতীক

২০১৭ সালের আগস্ট মাসে মিয়ানমার সেনাবাহিনী, বিজিপি, পুলিশ ও স্থানীয় মগদের চরম দমন-নিপীড়ন ও নির্বাতনের ফলে বিপুল সংখ্যক জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিক মিয়ানমার হতে বাংলাদেশে পালিয়ে আসার চেষ্টা করে। প্রথমদিকে এই ইস্যুতে বাংলাদেশ পরিপূর্ণভাবে নিরপেক ভূমিকা পালন করছিল। ফলে প্রাথমিকভাবে জোরপূর্বক বাজুচ্যুত মিয়ানমার নাগরিকদের वाश्नाम्मरम जनुश्चरतरम वाथा क्षमान कता दरा । भिन्नानभात रमनावादिनी, विक्रिनि, शूनिम ७ झानीस भन কর্তৃক নির্যাতিত জোরপূর্বক বাস্তুছাত মিয়ানমার নাগরিকগণ নির্যাতন সহ্য করতে না পেরে বিপুলসংখ্যক জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিক বাংলাদেশে প্রবেশের অপেক্ষায় বাংলাদেশ-মিয়ানমার এর সীমান্তবর্তী এলাকায় অবস্থান নেয়। জোরপূর্বক বাস্ত্রচ্যুত মিয়ানমার নাগরিকদের অধিকাংশ মুসলমান হওয়ায় এবং মানবিক দিক বিবেচনায় বঙ্গবন্ধু কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে প্রবেশের অনুমতি দেন। ফলে জোরপূর্বক বাস্ত্বচুত মিয়ানমার নাগরিকদের অনুপ্রবেশের জন্য বাংলাদেশের সীমান্ত খুলে দেয়া হলে জোরপূর্বক বাস্ত্রুত মিয়ানমার নাগরিকগণ বাংলাদেশে অনুপ্রবেশ করে। মাননীয় প্রধানমন্ত্রীর এই মানবিক আহবানে সাড়া দিয়ে বাংলাদেশের সাধারণ জনগণও জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সাহায্যার্থে এগিয়ে আসে। নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রী জোরপূর্বক বাস্ত্রচ্যুত মিয়ানমার নাগরিকদের সমস্যা সমাধানে দ্রুত ও কার্যকরি পদক্ষেপ গ্রহনের জন্য জাভিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহবান জানান। মাননীয় প্রধানমন্ত্রী মিয়ানমারের জোরপূর্বক বাস্তচ্যত মিয়ানমার নাগরিকদের উপর সহিংসতা ও জাতিগত নিধন নিঃশর্তভাবে বন্ধ করে মিয়ানমারে শান্তি এবং শৃত্যলা ফিরিয়ে আনার জন্য ৫টি প্রস্তাব পেশ করেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পেশকৃত প্রস্তাবভলো নিমুরূপ:

- ১। অনতিবিলমে ও চিরতরে মিয়ানমারে সহিংসতা ও 'জাতিগত নিধন' নিঃশর্তে বন্ধ করা।
- ২। অনতিবিশ্যে মিয়ানমারে জাতিসংঘ মহাসচিবের নিজস্ব অনুসন্ধানী দল পাঠানো।
- ৩। জাতি-ধর্ম নির্বিশেষে মিয়ানমারের সকল নাগরিকদের নিরাপত্তা বিধানের লক্ষ্যে মিয়ানমারের অভ্যন্তরে জাতিসংখের তত্ত্বাবধানে সুরক্ষাবলয় গড়ে তোলা।
- ৪। রাখাইন রাজ্য থেকে জারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের তাদের নিজ বাড়িতে প্রত্যাবর্তন ও পুনর্বাসন নিশ্চিত করা।
- ৫। রোহিঙ্গা ইস্তুতে কফি আনান কমিশনের সুপারিশমালার নিঃশর্ত, পূর্ণ এবং দ্রুত কার্যকর করা।

মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বকুতায় বলেন, 'আমার হৃদয় আজ দুঃখ ভারাক্রান্ত। কেননা আমার চোখে বার বার ভেনে উঠছে ক্ষুধার্ত, ভীত-সম্ভস্ত এবং নির্বাতিত জোরপূর্বক বাস্কুচাত মিয়ানমার নাগরিকদের মুখ্যছবি।'



জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার শিক্তদের পাপে মাননীয় প্রধানমন্ত্রী পেখ হাসিনা



জোরপূর্বক বাজুচ্যুত মিয়ানমার শিকদের পাশে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

শতাব্দির ট্রাজেভি রোহিলা মুদলিম, পৃষ্ঠা-৯০।

নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘ সদর দপ্তরে ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) কন্টাষ্ট গ্রুপের বৈঠকে বিশ্ব মুসলিম দেশসমূহের নেতাদের সামনে মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশের পক্ষে সুনির্দিষ্ট ৬টি পদক্ষেপ গ্রহণ করার প্রস্তাব পেশ করেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পেশকৃত প্রস্তাবন্ধলো নিম্নরূপ:

- জোরপূর্বক বাস্ত্রভাত মিয়ানমার নাগরিকদের মুসলমানদের উপর সব ধরনের নিপীড়ন এ
  মৃহতে বন্ধ করতে হবে।
- ২। নিরাপরাধ বেসামরিক জনগোষ্টী বিশেষ করে নারী শিত ও বৃদ্ধদের জন্য মিয়ানমারের তিতরে নিরাপন এলাকা (সেইফ জোন) তৈরি করা যেতে পারে, যেখানে জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সুরক্ষা দেয়া হবে।
- ৪। মিয়ানমার সরকারের উপর বলপ্রয়োগ পূর্বক বাস্কুচ্যুত রোহিঙ্গা নাগরিকদের নিরাপদে ও
  মর্থাদার সাথে মিয়ানমারে তাদের নিজ বাড়িতে প্রত্যাবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণ করা।
- রোহিঙ্গা সংকট নিরসনে কফি আনান কমিশনের প্রস্তাবিত সুপারিশনামা অবিলম্বে বাস্তবায়ন করতে হবে।
- থ । মিয়ানমার সরকার জ্ঞারপূর্বক বাজুচুত মিয়ানমার নাগরিকদের বাঙালি হিসেবে চিহ্নিত করে
  যে রাষ্ট্রীয় প্রচারণা চালাচ্ছে তা অবশাই বন্ধ করতে হবে ।
- ৬। আতৃপ্রতীম মুসলিম দেশসমূহ জোরপূর্বক বাল্কুফুত মিয়ানমার নাগরিকদের মিয়ানমার কেরত না
  যাওয়া পর্যন্ত জরুরী মানবিক সহায়তা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশকে সহয়োগীতা প্রদান করা।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৫ নভেমর ২০১৭ তারিখে ঢাকায় ৬৩তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেলের উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, 'রোহিঙ্গা জনগোষ্ঠীর উপরে অমানবিক নির্মাতন এবং তাদের দেশ ছাড়তে বাখ্য করা তথু এ অঞ্জলে নয় এর বাইরেও অস্থিরতা তৈরি করেছে।' মাননীয় প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ বরাবরই বলে আসছে জারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের সমস্যার সৃষ্টি ও কেন্দ্রবিন্দু মিয়ানমারে, সমাধানও সেখানেই নিহিত।' প্রধানমন্ত্রী মিয়ানমার হতে পালিয়ে আসা জারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের সনেশে ফিরিয়ে নিতে মিয়ানমার বর্ষার কার্যার নাগরিকদের সনেশে ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের উপর চাপ প্রয়োগের জন্য কমনওয়েলথভুক্ত দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন।



জাতিসংঘ ওমাইসি কন্টাই প্রশংগর বৈঠকে মাননীর প্রধানমন্ত্রী শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের খোঁজ ধবর নেয়ার জন্য কক্সবাজার জেলাধীন উদ্বিয়া থানার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে যান। সেখানে মাননীয় প্রধানমন্ত্রী নির্যাতিত জারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের সাথে কথা বলেন, তাদের দুঃখ-দুর্দশার কথা আগ্রহতরে শোনেন। জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের মুখে তাদের উপর মিয়ানমার সেনাবাহিনী, বিজিপি ও মপদের নির্যাতনের কথা খনে মাননীয় প্রধানমন্ত্রী আবেগাপ্রত হয়ে পড়েন।





জোরপূর্বক বাজুচ্যুত সিয়ানমার নাগরিকদের ক্যাম্প পরিদর্শনে আবেগাপ্রত মাননীয় প্রধানমন্ত্রী শেব হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী বলেন, মানবিক দৃষ্টিকোণ থেকে আমরা জ্ঞারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশে অনুমতি দিয়েছি। জ্ঞারপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের আশ্রয়ের জন্য বাংলাদেশের পক্ষ হতে যথাসাধ্য চেষ্টা করা হবে। মিয়ানমার সরকারকে অবশ্যই





জােরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের তাদের নিজ দেশ - মিয়ানমারে ক্বেরত নিতে হবে।
মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে ইমিয়েশন ও পাসপার্ট অধিনপ্তরের তত্ত্বাবধানে এবং বাংগাদেশ
সেনাবাহিনীর সার্বিক সহযােগিতায় কক্সবাজারস্থ উপিয়া থানার কুতুপালং- ১ ও ২, নয়াপাড়া,
ধাইংখালী, বালুখালী ও টেকনাফ থানার লেদাসহ অন্যান্য ক্যান্দেপ বসবাসরত জােরপূর্বক বাস্তুচ্যুত
মিয়ানমার নাগরিকদের বারােমেট্রিক পদ্ধতিতে নিবদ্ধন সম্পন্ন করা হয়েছে। একই সাথে জােরপূর্বক
বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের বাসস্থান, স্যানিটেশন, খাদ্যের ব্যবস্থা ও বিস্তীর্ণ ক্যান্দেপ বিদ্যুৎ এর
ব্যবস্থা করা হয়েছে। জােরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের ইস্যুতে মাননীয় প্রধানমন্ত্রীর
অসামান্য মানবীয় অবদান এর বীকৃতিবর্জাপ আমেরিকার ৯ জন সিনেটর বলবদ্ধ কন্যা শেখ হাসিনাকে
কৃতজ্ঞতা জানিয়েছেন। বৃটিশ মিতিয়া 'চ্যানেল ক্যোর' মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মাদার অব
হিউম্যানিটি' বেতাবে ভূষিত করেছেন। এছাড়াও অস্ট্রেলিয়ার ন্যাশানাল ইউনিভার্সিটি ইন ক্যানবেরার
অধীনে পরিচালিত পিস এও রসার্চ ইনস্টিটিউটের স্থান ড. হেনরিক উরভাল মনে করেন, 'বিশ্ব শাস্তি
প্রতিষ্ঠার অবদানে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকেই বিশ্ব শাস্তির বেতার মর্ধাদা দেয়া
উচিত।' এই বিপুল সংখ্যক জােরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের আশ্রের দেয়ার মাধ্যমে বঙ্গবন্ধ্ব
কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শান্তিকামী মানুবের প্রতিনিধি হিসেবে মর্যাদার শীর্ষ আসনে
অধিষ্ঠিত হয়েছেন।

#### বাংলাদেশ সেনাবাহিনীর মানবভা

বাংলাদেশের স্বাধীনতার পর হতে অদ্যাবধি বাংলাদেশে আশ্রন্ন নেয়া প্রায় ১২ লক্ষ জ্ঞারপূর্বক বাস্কুচ্যত মিয়ানমার নাগরিকগণ বাংলাদেশের অভ্যন্তরে কক্সবাজার জেলার টেকনাক ও উথিয়া উপজেলার বিভিন্ন ক্যাম্পে বসবাস করছে। ২৫ আগস্ট ২০১৭ সালের পর আগত বিপুলসংখ্যক জোরপূর্বক বাজুচ্যুত মিয়ানমার নাগরিকগণ আহার, বাসস্থান ও অন্যান্য মৌলিক চাহিদা পূরণে ব্যস্ত ছিল এবং ক্যাম্পসমূহে নিজেদের আধিপত্য বিস্তারের বিষয়ে প্রতিনিয়ত প্রতিযোগীতা করু করেছিল। ফলে জোরপূর্বক বান্ধুচ্যুত মিয়ানমার নাগরিকদের মাঝে বিবাদ ও বিশৃঞ্চলার সৃষ্টি হয়। এরই ধারাবাহিকতার গত ২৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে বেসামরিক প্রশাসনকে সহায়তার মাধ্যমে জোরপূর্বক বাস্ত্রভাত মিয়ানমার নাগরিকদের ক্যাম্পসমূহে বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ সেনাবাহিনীকে মোভায়েন করা হয়। মোভায়েনের পর থেকেই বাংলাদেশ সেনাবাহিনী জ্ঞারপূর্বক বাস্ত্র্যুত মিরানমার নাগরিকদের ক্যাম্পসমূহে শৃঞ্জলা ফিরিয়ে আনাসহ ত্রাণ বিতরণ, বাসস্থান নির্মাণ, স্যানিটেশন কার্যক্রম, বিতন্ধ খাবার পানি সরবরাহ, ক্যাম্প এলাকায় বিদ্যুৎ সরবরাহ ও জোরপূর্বক বাস্কুচাত মিয়ানমার নাগরিকদের ক্যাম্পের সার্বিক নিরাগন্তা নিশ্চিত করে আসছে। এছাড়া বিভিন্ন এনজিও, সাধারণ জনগণ ও সরকারি সহায়তার সকল ত্রাণ সামগ্রী জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের মাঝে সুশৃঞ্চলভাবে বিতরণ করা ও তার সৃষ্ঠু তদারকির প্রধান সায়িত্বে বাংলাদেশ সেনাবাহিনী মৃখ্য ভূমিকা পালন করেছে ও করছে। পৃথিবীর বিভিন্ন দেশ হতে প্রাপ্ত ত্রাণ সামগ্রীসমূহ যা বাংলাদেশ নৌবাহিনী এবং বাংলাদেশ বিমান বাহিনীর তত্ত্বাবধানে গৃহীত হয় সে সমস্ত ত্রাণ সামগ্রীও বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক নিরাপত্তা প্রদানসহ পরিবহন করে জোরপূর্বক বাস্তচ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্পে পৌছে দেয়ার দায়িত অত্যম্ভ সফলতার সাথে সম্পন্ন করছে। একই সাথে সেনাবাহিনী নিজস্ব ব্যবস্থাপনায় জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মাঝে চিকিৎসা প্রদানের জন্য উল্লেখযোগ্য সংখ্যক সেনাবাহিনীর চিকিৎসা দল প্রতিনিয়ত চিকিৎসা প্রদান করে যাচেছ।





প্রখানমন্ত্রীর নির্দেশে জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের চিকিৎসা সহায়তা প্রদান ও আগ বিতরণ করছে বাংলাদেশ সেনাবাহিনী

ইতিমধ্যে বাংলাদেশ সেনাবাহিনী জোরপূর্বক বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকদেরকে দুর্বোগ মোকাবিলায় করণীয় এবং উদ্ধার কার্যক্রমের উপর বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করেছে। বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্প্রস্মার্য হত্যা, ভাকাতি, অপহরণ, ছিনতাই, মাদক ব্যবসা, নারী পাচার, অনৈতিক কার্যক্রমসহ বিভিন্ন শৃঞ্চালা পরিপদ্ধি কার্যক্রম বন্ধে বাংলাদেশ সেনাবাহিনী অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গত ৮ সেন্টেম্বর ২০১৮ তারিখ হতে সেনাবাহিনীর তত্ত্বাবধানে জারপূর্বক বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্পের সার্বিক নিরাপরা বিধানের লক্ষ্যে একটি কার্যনির্বাহী দল টোন্ধ কোর্স) গঠন করা হয়। টান্ধ ফোর্সে বিভিন্নি, পূলিশ, র্যাব ও আনসার ভিত্তিপিকে সেনাবাহিনীর অধীনে সার্বক্ষপিক টহল পরিচালনার দায়িত্ব নেওয়া হয়। এ প্রেক্ষিতে উল্লেখিত তারিখ হতে জোরপূর্বক বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্প্রস্মহে সেনাবাহিনীর তত্ত্বাবধানে বিভিন্ন পুলিশ, র্যাব ও আনসার ভিত্তিপিসহ সকলের সমমরে সার্বক্ষণিক টহল পরিচালনার মাধ্যমে নিরাপরা নিশ্চিত করে যাচেছ। এছাঞ্চাও ইতিমধ্যে বাংলাদেশ সেনাবাহিনী বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্পস্ম্বরে অভ্যন্তরে গুরুত্বপূর্ণ রাপ্তাসমূহ নির্মাণের কাজও শেষ করেছে।

#### বাংলাদেশ নৌবাহিনীর মানবতা

বাংলাদেশ সেনাবাহিনীর পাশাপাশি বাংলাদেশ নৌবাহিনী বিভিন্নভাবে জারপূর্বক বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকদের মানবিক সাহায্য - সহযোগিতায় এগিয়ে এসেছে। বিশেষ করে নির্যাতিত জোরপূর্বক বাস্তুহ্যুত মিয়ানমার নাগরিকরা জীবনের ঝুঁকি নিয়ে নাফ নদী পাড়ি দিয়ে বাংলাদেশে আসার

সময় বাংলাদেশ নৌবাহিনী ও কোস্টগার্ড জোরপূর্বক বান্ধচ্যুত মিয়ানমার নাগরিকদের জীবনের নিরাপরা নিশ্চিতসহ উদ্ধার কার্যক্রম পরিচালনা করেছে। তুরন্ধ, মালরোশিয়া এবং ভারত হতে নৌপথে প্রেরিত আপসমূহ বাংলাদেশ নৌবাহিনী নিজস্ব তক্কাবধানে গ্রহণ ও সেনাবাহিনীর নিকট হস্তান্তরের কার্যক্রম সূষ্ঠভাবে সম্পন্ন করেছে।

এছাড়াও বাংলাদেশ সরকারের পরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ নৌবাহিনী নোয়াখালী জেলার ভাসান চরে প্রায় ১,১৬,০০০ জোরপূর্বক বাক্স্যুত মিয়ানমার নাগরিকদের বসবাসের জন্য সকল প্রকারের সুযোগ সুবিধাসহ আশ্রায়ন-৩ প্রকল্প নামে একটি আশ্রায়ন প্রকল্প নির্মাণ কাজ প্রায় শেষ করেছে। এ আশ্রায়ন প্রকল্পে বাক্স্যুত মিয়ানমার নাগরিকদের জন্য ১৪৪০টি আবাসস্থল ছাড়াও ১২০টি (প্রতিটি চার তলা বিশিষ্ট) বহুমুখী কাজে ব্যবহারের উপযোগী সাইক্রোন শেন্টার নির্মাণ করা হচ্ছে।

এছাড়াও জোরপূর্বক বান্ধচ্যুত মিয়ানমার নাগরিকদের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্তে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল সেন্টার নির্মাণের পাশাপাশি মসজিদ নির্মাণ এবং বিশুদ্ধ খাবার পানি সরবরাহে ও উন্নত পর্য়নিকাসনের ব্যবস্থা করা হয়েছে। জোরপূর্বক বান্ধচ্যুত মিয়ানমারের শিক্তদের জন্য শিক্ষা ব্যবস্থাসহ খেলার মাঠের সুযোগ রাখা হয়েছে। প্রকল্পটিতে অভ্যন্তরীপ সড়ক, মোবাইল কোন টাওয়ার, হেলিপ্যাভ, বোট ল্যাভিং সাইট, খাদ্য ওদাম, বৈদ্যুতিক সাব স্টেশনসহ অন্যান্য আধুনিক সুযোগ সুবিধাদির ব্যবস্থা করা হয়েছে। একইসাথে উক্ত আশ্ররন প্রকল্পে জোরপূর্বক বান্ধচ্যুত মিয়ানমার নাগরিকগণের জন্য বিভিন্ন প্রকার উৎপাদনমুখী কাজের সুযোগ ও রাখা হয়েছে।

# বাংলাদেশ বিমান বাহিনীর মানবতা


জোরপূর্বক বাস্ত্রচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য পৃথিবীর বিভিন্ন দেশ হতে বিভিন্ন ধরনের ব্রাপ সামগ্রী পাঠানো হরেছে। চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে বাংলাদেশ বিমান বাহিনীর সদস্যবৃন্দ উড়োজাহাজ হতে উক্ত ব্রাণ সামগ্রী খালাস করে প্রয়োজনে গুদামজাতকরণ ও পরবর্তীতে তা বাংলাদেশ সেনাবাহিনীর নিকট হস্তান্তরের কাজ অত্যন্ত সফলতার সাথে সম্পন্ন করেছে।



বিশ্বের বিভিন্ন দেশ হতে বাস্তুচ্যুত মিরানমার নাগরিকদের জন্য পাঠানো প্রাণসাম্মী বাংলাদেশ দৌবাহিনী বাহন করছে



ভাসান চরে নৌবাহিনী কর্তৃক নির্মিত আশ্রায়ন-৩ একছের জোরপূর্বক বান্ধুচ্যুত মিয়ানমার নাগরিকদের বাসস্থান









THE RESERVE OF THE RE

এছাড়াও দেশি ও বিদেশি বিশেষ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের (VIP), জারপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্প পরিদর্শনের নিমিত্তে বাংলাদেশ বিমান বাহিনী তাদের নিজস্ব বিমানে চাকা হতে কক্সবাজার বিমানবন্দরে যাতায়াতের কাজ অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন করছে। জারপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের যে কোন জরুরী প্রয়োজনে ও দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ বিমান বাহিনী সাহায্য সহযোগিতার জন্য সদা প্রস্তুত রয়েছে।

#### উপসংহার

২৫ আগস্ট ২০১৭ পরবর্তী সময়ে জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকের উপর ব্যাপক অমানবিক নির্যাতন-নিপীড়ন ও গণহত্যা চালিয়েছে মিয়ানমার সরকার। একথা সন্দেহাতিতভাবে প্রমাণিত যে, জোরপূর্বক বাস্তৃচ্যুত মিয়ানমার নাগরিকগণ নিজ দেশে জাতিগত নিপীড়নের শিকার। জাতিসংঘ যাকে "Text Book Ethnic Cleansing" এবং 'Acts of Genocide' বলে অভিহিত করেছে। এই প্রেক্ষাপটে 'মাদার অব হিউম্যানিটি" খ্যাত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে তাদেরকে আশ্রয় নিয়েছেন। বাংলাদেশের জনগণ সর্বদাই অত্যন্ত মানবিক গুণাবলী সম্পদ্ধ ও অভিধি পরায়ণ। এই অভিধি পরায়ণতারই বহিঃপ্রকাশ ঘটেছে জোরপূর্বক বাস্কুচ্যুত মিয়ানমার নাগরিকদের নিজ দেশে আশ্রম দান ও তাদেরকে সকল প্রকার সাহায্য-সহযোগিতার মাধ্যমে।

#### তথ্যসূত্র

- Mohammad Ponir Hossain, The history of the persecution of Myanmar's Rohingya, Page-4.
- 4. Moshe Yegar, The Muslim of Burma, Page-99.
- Penny Green, Dr. Thomas Mac Manus, Alicia La Cour Veaning, Genocide in Myanmar, Page-48.
- ইনামূল কবির, শতাব্দীর ট্রাজেডি রোহিলা মুসলিম, পৃষ্ঠা-৪৬, ৬০, ৯০।
- মানবাধিকার সংগঠন বার্মা হিউম্যান রাইউস্ ।
- ৬. বিসিসি বাংলা-২৪/১১/২০১৭।
- www.thestateless.com/2017/05the-concept-of-citizenshipin-burma-and-the-status-of-rohingyas.html.
- www.dev.com/en/myanmars-rohingya-a-history-of-forcedexuduses/a-40427304.
- https://www.manobkantha.com/
- 30. https://www.manobkantha.com/





# নেভাল এভিয়েশন গঠনে বিমান বাহিনীর ভূমিকা ও পারস্পরিক সহযোগিতার নতুন দিগন্ত

ঞ্চপ ক্যান্টেন মোহাখদ সাইফুদ্দিন, পিএসসি

বঙ্গোপসাগর এলাকা বিপুল এবং আমাদের প্রতিরক্ষা নীতি বিবেচনা করে এবানে আ<mark>কাশ থেকে</mark>
নজরদারি চালানোর প্রয়োজনীয়তা অনুভূত হয়ে আসহে দীর্ঘদিন থেকে। স্বাধীনতার পর থেকে
আমাদের নৌবাহিনী তার সীমিত সম্পদ দিয়ে বঙ্গোপসাগরের বিস্তীর্ণ একান্ত অর্থনৈতিক এলাকা,
গভীর সমুদ্রে তেল, গ্যাস ও খনিজ সম্পদ মজুদসহ আমাদের সামুদ্রিক সীমানার নিরাপন্তা নিশ্চিত
করার কাজ করে আসছে। এই এলাকা এতই বিপুল যে দক্ষতার সাথে এটা করা খুব কঠিন। সবচেয়ে
কম সময়ে এই এলাকা পেট্রোল করার জন্য আকাশ থেকে করাই মোটামুটি সবচেয়ে সহজ সমাধান।

কেন মেরিটাইম পেট্রোল এয়ারক্রাফট বা এমপিএ? কারণ, যে এলাকা নজরদারি করতে একটা সমুদ্রযানের পুরোদিন লেগে যায়, গতি এবং অনেক দূরে যাওয়ার ক্ষমতার জন্য তা একটি এমপিএ ছারা সম্ভাব্য সবচেয়ে কম সময়ের মধ্যে করা সম্ভব। আবার, এই ধরনের অপারেশনস সঠিক সময়ে করাটাও একটা গুরুত্বপূর্ণ বিবেচনার বিষয়। তাই এমপিএ হলো আপাত সহজ্ব সমাধান। ২০১৩ সালে মেরিটাইম পেট্রোল বিমান সংযোজনের ফলে আমানের নৌবাহিনীর সার্বিক পেট্রোল বা নজরদারি ক্ষমতার উন্নয়ন হয়েছে।

সমুদ্র সীমানা নির্বারণে বাংলাদেশের সাম্প্রতিক সাফল্য এমপিএ স্কোরাজ্রনের কার্যক্রম দ্রুত শুরু করার প্রয়োজনীয়তাকে আরও বাড়িয়ে দেয়। উল্লেখ্য যে ২০১১ এর জুন নাগাদ নৌবাহিনী জার্মানির তৈরি দুটি Dornier 228NG কেনার জন্য RUAG এর সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করে। চুক্তি অনুযায়ী জুন ২০১৩ নাগাদ এমপিএ দুটি বাংলাদেশে আসে।

আসলে নৌবাহিনী তাদের এমপিএ-র জন্য অনেক বছর ধরে চেষ্টা করে আসছিল। ইতিপূর্বে যেহেতু নৌবাহিনীর এভিরেশন শাখা ছিল না, তাই এ ব্যাপারে তরু থেকেই বালোলেশ বিমান বাহিনী সার্বিক সহযোগিতা প্রদান করে। সমুদ্র উহল দেয়ার জন্য উপযুক্ত এমপিএ নির্বাচন করা থেকে তরু করে পাইলট তৈরি করা- প্রতিটি ক্ষেত্রে বিমান বাহিনী সার্বিক সহযোগিতা করে। এ লচ্চ্যে বিগত কয়েক বছর ধরে কয়েকজন নৌবাহিনীর সদস্যকে বিমান বাহিনী তাদের ব্যবস্থাপনায় প্রাথমিক প্রশিক্ষপ প্রদান করে। এরই ধারাবাহিকভায় চালু হয় ৩১৪ নং কোয়াজ্রন যা বাংলাদেশের প্রথম এমপিএ কার্মান্তন। ইতোমধ্যে মেরিটাইম পেট্রোল বিমান চলে আসায় ৩১৪ নং এমপিএ ক্লাইং কোয়াজ্রনের কার্যক্রম তরু করা হয়। অল্প সময়ে অনেকগুলো কাজ করতে হয় যার মধ্যে অন্যতম হলো বাংলাদেশে এমপিএ অপারেশন তরু করা এবং একই সময়ে কোয়াজ্রন সংগঠিত করা। অল্পাদিনের মধ্যেই চট্টপ্রামের পতেঙ্গান্থ বিমান বাহিনীর ১নং কোয়াজ্রনের করেকটি রুমে আমরা কোয়াজ্রনের কার্যক্রম তরু করি। ৩১৪ নং এমপিএ কোয়াজ্রনের জন্য থিম বেছে নেয়া হয় 'Eyes of the Blues' যার মানে হলো এমপিএ রয়াডার এর সাহায়ে সমুদ্রে নজরলারি করা যা নৌবাহিনীর জন্য একটি চোখের মতে।

ক্ষোয়দ্রন নতুন হওয়ায় এবং নৌবাহিনীর নিজস্ব পাইলট বা প্রশিক্ষক পাইলট না থাকায় নৌ পাইলটদের প্রশিক্ষণের জন্য বিমান বাহিনী থেকে তিনজন পাইলট দেরা হয়। এরাই ৩১৪ নং ক্ষোয়দ্রন সংগঠনের জন্য দায়িতৃপ্রাপ্ত হয়। এছাড়া কো-পাইলটদের তিনজনকে নৌবাহিনী থেকে নেয়া হয় যারা ইতোমধ্যে বিমান বাহিনী একাডেমি থেকে প্রশিক্ষণ লাভ করেছিল। পাইলট ছাড়াও ৪ জন প্রাউভ টেকনিশিয়ান বিমান বাহিনী থেকে দেয়া হয়।

এখানে উল্লেখ্য আমাদের পাইলট এবং গ্রাউন্ড টেকনিশিয়ানরা ২০১২ সালের শেষ দিকে জার্মানি থেকে বিমান চালনা এবং রক্ষণাবেক্ষণের উপর সংক্ষিপ্ত প্রশিক্ষণ লাভ করে মার্চ ২০১৩ নাগাদ প্রয়োজনীয় পরীক্ষার পর প্রথম এমপিএ (সিরিয়াল নং ৮৩০৬) কারখানা টেস্টের জন্য প্রস্তুত করা হয়। নৌ ও বিমান বাহিনীর সমবিত একটি দল এই টেস্টের জন্য মার্চের প্রথম সপ্তাহে এমপিএ এর নির্মাণস্থল জার্মানিস্থ RUAG পরিদর্শন করে এবং মোট ছয়টি ফ্লাইটে আট ঘণ্টার পরীক্ষামূলক উভ্ডয়ন করে। বিমানটি তেমন কোনও রকম অসুবিধা ছাড়াই টেস্টে সাফল্য দেখায়। কোম্পানির ইঞ্জিনিয়াররা বুবই দক্ষ এবং তারা সব পরীক্ষা করে আগে নিজেরা সম্ভুষ্ট হন, তারপর আমাদের



টেস্টের অনুমতি দেন। দ্বিতীয় এমপিএ-র টেস্ট অন্য একটি দল এপ্রিলের শেষ সপ্তাহ নাগাদ সম্পন্ন করে। ৩ জুন ২০১৩ তারিখে বাংলাদেশে নৌবাহিনীর দীর্ঘ-লালিত স্বপ্ন মেরিটাইম পেট্রোল বিমানের (এমপিএ) প্রথমটি, যা জার্মানির তৈরি Domier 228NG নামে পরিচিত বাংলাদেশে নিরাপদে অবতরণ করে। পরের দিন ঢাকা থেকে চট্টপ্রামে বিমান বাহিনী ঘাঁটি জহুকুল হকে ফেরি করা হয়, হেখান থেকে পরবর্তী কয়েক বছর ধরে এটির কার্যক্রম পরিচালনা করা হয়। য়েহেতু বিমান পরিচালনার জন্য নৌবাহিনীর নিজস্ব অবকাঠামো নির্মাণাধীন ছিল তাই বিমান বাহিনীর হ্যাংগারে রেখে এমপিএ পরিচালনা করার ব্যবস্থা করা হয়।

আমাদের পরবর্তী কাজ হয়ে দাড়ায় বিমানগুলো সরকারিভাবে গ্রহণ করার আগে চট্টপ্রামে যৌথ টেস্ট ফ্লাইট (JTF) করা। ১১ জুন ২০১৩ পর্যন্ত জার্মান পাইলটদের সাথে আমরা সাতটি ফ্লাইটের মধ্যে দিরে প্রথম বিমানটির JTF সম্পন্ন করি। ১১ জুন ২০১৩ এর সর্বপেষ টেস্ট ফ্লাইটিট স্মরণীয় হয়ে থাকবে। এই ফ্লাইটেট নাবাহিনী প্রধান সারভিদ্যান্স রাভার এর টেস্টিং দেখতে আমাদের সাথে বান। আমরা কল্পবাজারের ১ মাইল পরিমে অবস্থান করা বিএনএস ওমর ফালুকের কাছ দিরে প্রায় ১৫০ ফুট উপর দিয়ে উড়ে পিয়ে একটি মেরির মার্কারের নিক্ষেপত পরীক্ষা সম্পন্ন করি। এতো নিচুতে উভঙরন করার সময় বিমানটিকে গুবই স্থিতিশীল মনে হয়েছে। JTF এর পর আমরা ঢাকায় অবতরশ করি এবং প্রথম এমপিএ-টি নৌসদর লগুরে আনুষ্ঠানিকভাবে RUAG কর্তৃপক্ষের কাছ থেকে গ্রহণ করা হয়। আমাদের শেষ পরীক্ষা ফ্লাইটিক এমপিএ-র প্রথম ভিআইপি ফ্লাইটও বলা থেতে পারে।

এরপর এমপিএ দুটির বাংলাদেশ নৌবাহিনীতে সংযোজন অনুষ্ঠানের জন্য ২৯ আপস্ট ২০১৩
নির্ধারণ করা হয়। গণগুজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে
উপস্থিত থাকতে সদয় অনুমতি দেন। এটা আমাদের সবার জন্য ছিল এক ঐতিহাসিক এবং
সম্মানজনক অভিযাত্রা যা আমাদের সরকার প্রধান শুরু করে দেন।

এরপর স্কোয়াদ্রনের অনেক কাজের মধ্যে অপারেশন ও প্রশিক্ষণ দ্রুত তক্ত করার তাগিদ ছিল। অন্যদিকে ক্ষোয়াদ্রনের জন্য সঠিক নিয়ম (Standard Operating Procedures) প্রস্তুত করাও জরুরি ছিল। তাছাড়া পাইলটদের 'চেক লিস্ট' মাল্টি-ক্র-অপারেশনসের জন্য RUAG দিতে পারেনি, যা অবিলমে তৈরি করা ছিল জরুরি। অধিকম্ভ এরই মধ্যে উভচয়ন প্রশিক্ষণ সিলেবাসও তৈরি করা হয়। আমাদের ভাগ্য ভালো যে এই ব্যাপারে আমরা বাংলাদেশ বিমান বাহিনীর পরিবহন বিমান পরিচালনার অভিজ্ঞতাকে কাজে লাগাই, যা গত প্রায় পাঁচ দশক ধরে তাদের নিরাপদ এবং সাফল্যমন্তিত অপারেশনসের মূল চালিকাশক্তি হয়ে আছে। অন্য দিকে নৌবাহিনীর সামগ্রিক বিমান পরিচালনা সংক্রান্ত বিধিমালা ও নিরাপত্তা বিধিমালা অবিলমে সম্পাদন ও অনুমোদন করা



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেক কটোর মাধ্যমে নৌবাহিনীতে এমপিএ সংযোজন করেন

এখানে উল্লেখ্য বাংলাদেশ বিমান বাহিনীর পাইলটরা ৪ সেপ্টেম্বর ২০১৩ থেকে Evaluation ফ্রাইং তরু করে এবং ১৭ ডিসেম্বর ২০১৩ সালে ৩১৪ নং ক্ষোয়াত্রন সমূদ্রে অপারেশনাল টহল তরু করার সক্ষমতা অর্জন করে। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল মার্চ ২০১৪-তে নিবোঁজ মালরোশিয়ান এয়ারলাইল এম এইচ-৩৭০ বোঁজার আন্তর্জাতিক অভিযানে অংশ নেয়া। এ অভিযানে মোট ২৫ ঘণ্টার অনুসন্ধান উভ্যয়ন পরিচালন করা হয়। এছাড়াও সেপ্টেম্বর ২০১৪-তে আমাদের এমপিএ মার্কিন নৌবাহিনীর পি-৮ বিমানের সাথে বৌখ নৌ মহড়ায় অংশ নেয়। ৩১৪ নং এমপিএ ক্ষায়্রভ্রম প্রথম দুই বছরে প্রায় ২৩০০ ঘণ্টার নিরাপদ উভ্যয়ন সম্পন্ন করে। এসময়ের মধ্যে নৌবাহিনীর জন্ম পাইলত ও টেকনিশিয়ানদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হয়। উল্লেখ্য যে, এমপিএ ফ্লাইং প্রশিক্ষণ জন্ম দেড় বছর পর ক্ষেত্রন্মারি ২০১৫ তে সম্পূর্ণ নৌবাহিনীর ক্রুদের দিয়ে প্রথম অপারেশনাল পেট্রোল মিশন পরিচালনা করা হয়। বর্তমানে বিমান বাহিনীর দুজন পাইলট ৩১৪ এমপিএ ক্ষায়্মান্তনের সার্বিক কার্যক্রম তন্ত্রাবধানে নিয়োজেত আছেন।







বাংলাদেশ নৌবাহিনীর কু-লে, ক. সামিদ, লে, সামি ও লে, ক. মইনুল তাদের প্রথম জপারেশন পেট্রাল মিশনে যাওয়ার প্রাক্ষালে জোয়াড্রন কমাজার ও চিক ইনস্ট্রাকটন পাইলটের সাথে (ফেব্রুয়ারি ২০১৫)

বিমান পরিচালনা আমাদের নৌবাহিনীর জন্য একটি নতুন দিগন্ত। এর ভবিষাৎ উন্নতির জন্য ভিনটি মৌলিক পরিবর্তন পুরই জকরি। প্রথমত, সবাইকে উপলব্ধি করতে হবে যে বিমান পরিচালনা করা অন্য যে কোনো পেশার তুলনায় ভিন্ন, কারণ এভিয়েশন সেকটি বা উজ্জয়ন নিরাপত্তা এখানে প্রধানতম বিবেচনার বিষয়। সমস্ত কর্মেই এখানে উজ্জয়ন নিরাপত্তার গুরুত্ব প্রথমেই দিতে হয়। ছিতীয়ত, বিমান পরিচালনার সাথে জড়িত সবাইকে নিজস্ব ধ্যানধারণা থেকে বেরিয়ে এসে উজ্জয়ন পরিচালনার প্রতিষ্ঠিত নিয়ম এবং মানের সাথে পরিচিত হওয়। এবং মানিয়ে চলতে হয়। উল্লেখ্য বিমান পরিচালনায় কোন প্রতিষ্ঠিত নিয়মের মান কমানোরও কোন সুযোগ নাই। এছাড়াও সার্বজনীনভাবে যেকোনো ফ্রাইং স্কোয়াজ্রনের পরিবেশ প্রায় একই। তৃতীয়ত, বিশেষভাবে বৈমানিক এবং গ্রাউত টেকনিশিয়ানদের বিমান পরিচালনায় তাদের ক্যারিয়ার বা কর্মজীবন বিকাশের ব্যবস্থা থাকতে হয়। চাতুরিক্ষেত্রে তাদের যদি অন্য কাজে মনোযোগ দিতে হয় যার সাথে বিমান পরিচালনার কোনও সম্পর্ক নাই, তাহলে পেশালারিত গড়ে গড়ে ওঠে না, যা শেষ পর্যন্ত যথায়ও ও নিরাপদ অপারেশনসকে প্রভাবিত করে।

বিমান পরিচালনা করা এক ধরনের সংস্কৃতি যা সুনির্দিষ্ট নিরাপত্তা জ্ঞান দিয়ে এবং সব বিধিমালা মেনে চর্চার মাধ্যমে অর্জন করতে হয়। এই চর্চা একসময় এটিকে নিরাপদ এবং টেকসই করে। সংক্ষিপ্ত উপায়ে রপ্ত করার কোনও কৌশল এখানে নেই। নৌবাহিনীর বিমান পরিচালনা কার্যক্রমের সাথে সম্পর্কিত সবাইকে এটা অবশ্যই মনে রাখতে হবে।

নিরাপদ বিমান পরিচালন প্রতিষ্ঠানের কাজ শুরু করা যে কোন বিচারে খুবই চ্যালেঞ্জিং। এখানে উল্লেখ্য বিমান পরিচালনা খুবই টেকনিক্যাল এবং ব্যয় সাপেক্ষ একটা কাজ। একান্তরের মহান স্বাধীনতার পর বাংলাদেশ বিমান বাহিনী শুরুতে তার পাইলট ও টেকনিশিয়ানদের প্রশিক্ষণের জন্য বিদেশ নির্ভর ছিল। যা ক্রমে কয়েক বছরের মধ্যে বাংলাদেশেই শুরু হয় এবং পরবর্তীতে বাংলাদেশে বিমান বাহিনী তার সব ধরনের প্রশিক্ষণ কাজে নিজস্ব সক্ষমতা অর্জন করে। সেই হিসাবে ৩১৪ নং এমাপিএ ক্ষোয়াল্রনের গড়ে তোলার প্রক্রিয়া বাংলাদেশের এতিয়েশন নিগজে নতুন মাত্রা যোগ করেছে। এখানে মৃলত একটি বাহিনীর বিমান পরিচালন প্রক্রিয়ার অন্য একটি বাহিনী অংশগ্রহণ ও তত্ত্বাবধান করে দেয় যা শুধু অনন্যই নয়, তা আমাদের দেশের বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাম্রেয় করেছে। অধিকয়, এটা আমাদের বিমান বাহিনীর সক্ষমতার অনন্য উচ্চতা প্রকাশ করেছে এবং পারশেরিক সহযোগিতার ক্ষেত্রে নতুন নিগজের সূচনা করেছে। ১৯৭১ সালের ২১শে নভেম্বর আমাদের বিমান বাহিনীর সমন্বিত ও যৌথ অভিযান আমাদের স্বাধীনতাকে তুরান্বিত করে। আমরা আশা করতে পারি যে সমন্বিত ও যৌথ প্রচিষ্ঠান গড়ে ওঠা আমাদের নৌবাহিনীর বিমান পরিচালনা আগামী দিনে আরও সুস্থতে হবে এবং বঙ্গেপসাগর বরাবর নজরদারি সম্পাদনের মহান দায়িত্ব নিরাপদে ও সফলভাবে পালন করে।





E B D VALUE OF THE

# সমসাময়িক পার্বত্য চট্টগ্রামে আপামর জনসাধারণের জীবনধারায় বাংলাদেশ সেনাবাহিনীর সংশ্লিষ্টতা-দীর্ঘ ও বাস্তব অভিজ্ঞতায় নাতিদীর্ঘ বিন্যাস

মেজর মোঃ মিজানুর রহমান, পিএসসি

এই রচনাতি সেনা কর্মকর্তা হিসেবে পার্বত্য চট্টগ্রামে পেথকের দুই মেরাদে প্রায় আড়াই বছরের দায়িত্ব পালনকালীন কিছু বান্তব অভিজ্ঞতাকে ভিত্তি করে শিখিত। পার্বত্য অঞ্চলে বাংলাদেশ সেনাবাহিনীর জন্য নির্বারিত মুখ্য দায়িত্ব, বহুমাত্রিক কার্যক্রম কিংবা সামরিক অভিযান সম্পর্কিত বিষয়াদি এই রচনার সীমিত কলেবর বিবেচনায় অর্ভতুক করা হয়নি কেবল পার্বত্য চট্টগ্রাম এগাকার আপামর জনসাধারদের জীবনগুনিষ্ঠ এবং প্রায় অনুজ্ঞারিত কর্মকাতে সেনাবাহিনীর জুমিকা সম্পর্কে নির্দিষ্ঠ এগাকায় এবং নিযুক্তিতে পেথকের সরাপরি অপাত্রহণক্র অভিজ্ঞতার এবটি কুল্ল অংশ এ রচনায় স্কান পেরেছে। গল্পের প্রয়োজনে ভখা-উপাত্রভিত্তিক উপস্থাপনা, স্কান ও ব্যক্তিকেন্দ্রিক বিবরণ যথাসম্ভব পরিহার করত ঘটনাকেন্দ্রিক বর্ণনাকেই প্রায়ান্ত ব্যয়ে হয়ছে ।

গত রাত থেকেই একটানা বৃষ্টি। চন্দ্রপাড়া ক্যাম্পে ওঠার রাস্তাটি একেতো পাহাড়ের ঢাল ঘেঁষে, তার উপরে আবার বৃষ্টিতে একদম পিছিল অবস্থা। একটু দূরেই বোধ হয় বিকট শব্দে বাজ পড়ল, শব্দে কানে তালা লেগে যাবার যোগাড়। আরেকটু হলেই ক্যাম্প কমাভার ভক্রণ সেনা কর্মকর্তা পা পিছলে বৃষ্টি পড়েই যেত। গতকালই কেবল তার রেজিমেন্টেশন শেষ হয়েছে। রাতেই তাকে বলা হয়েছে একটি বিশেষ অভিযানের জন্য সকালে ক্যাম্পে আসতে হবে। অবশেষে ক্যাম্পে যতক্ষণে পৌছাল সেকেত লেফটেন্যান্ট হাসান, ততক্ষণে বৃষ্টিতে কাকভেলা হয়ে গিয়েছে। ক্যাম্প কমাভারের নির্ধারিত বাসস্থানে গিয়ে একটু যেন ধার্কাই খেল সে। বাঁশের বেড়া আর টিনের তৈরি একটি ঘর। যাই হোক, বেশী সময় তার হাতে নেই। বিশেষ অভিযানে যাণ্ডয়ার জন্য তার দলটি প্রস্তুত। দল অধিনায়ক হিসেবে অভিযানের প্রয়োজনীয় বিষয় সম্পর্কে পুরো দলকে তার ব্রিক্ষ করার কথা।

বিষ্ণ শেষে প্রয়োজনীয় প্রস্তুতি নিশ্চিত করে পুরো দলকে নিয়ে বেরিয়ে পড়ল হাসান। বৃষ্টির তীব্রতা অনেকটা কমে এসেছে। পুরো দলটিকে নিয়ে সে ক্যাম্প থেকে বের হয়ে কখনো পাহাড়ের চূড়া ধরে, আবার কখনো বা পাহাড়ের চাল ঘেষে এপোতে লাগল। হঠাৎ করেই একটি বনমেরণের দেখা মিলল পাশের ঝোপে। ঝোপ থেকে একট্ বের হয়ে ক্ষথলা অপলক চোষে যেন তাকিয়ে থাকল। তারপরেই উড়বার একট্ চেষ্টা করে পুনরায় ঝোপের মধ্যে অদৃশ্য হয়ে পোল এটি। একট্ পরেই তারা এসে পড়ল একটি পাহাড়ি ছড়ার সামনে। গন্ধবের পৌছানোর একটাই পথ, তা হলো ছড়ার ভিতর দিয়ে অপ্রসর হওয়া। বৃষ্টির কারণে ছড়ার ভিতরে ততক্ষণে কোমর পানি। অপত্যা পুরো দলকে নিয়ে হাসান চলল সামনের দিকে। পুরো দলটিকে অত্যন্ত সাবধানে এপোতে হচ্ছে, কারণ ছড়ার ভিতরে ছেট-বড় পাথর ছড়ানো আর সন্য বৃষ্টি হওয়ার কারণে পানি ঘোলা থাকায় উপর থেকে তা ঠাহরও করা যাছেছ না। বলতে না বলতেই পাথরে ধাকা খেমে দলের একজন পড়ে গেল পানিতে। অন্য আরেকজন এসে যতক্ষণে তাকে টেনে ভূলল, ততক্ষণে পানি কালায় তার একাকার অবস্থা। ইউনিফর্ম একটু সরাতেই দেখা গেল হাঁটুর নিচে অনেকখানি ফুলে উঠেছে, আর কজির নিচেও বেশ খানিকটা কেটে গিয়েছে। সাথে থাকা চিকিৎসা সরঞ্জাম দিয়ে তার প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করে তারা আবার যাত্রা জন্ধকর। পুরো দলটি যতক্ষণে গগুরো পৌছাল, ততক্ষণে সূর্য পশ্চিমে হেলতে ভক্ষ করেছে।

সন্ধারও কিছুটা পরে হাসান তার লোকজনসহ ক্যান্দেপ প্রত্যাবর্তন করল, ক্ষুধা-ভৃষ্ণায় সবাই 
একদম ক্লান্ত। অভিযান পরবর্তী ব্রিফিং সেরে সে ক্যান্দ্প কমাভারের ঘরটিতে গিয়ে ভেজা কাপভৃত্তলো 
পরিবর্তন করে গোসলখানায় চুকল গোসলের উদ্দেশ্যে। বাঁশের তৈরি গোসলখানার ভিতরে বালতিতে 
পানি রাখা রয়েছে। এই ক্যান্দ্র্যটিতে পানি অনেক নিচের ঝর্ণা থেকে ভুলতে হয়, যা অনেক কষ্ট্রসাধ্য। 
এজন্য পানি ব্যবহারে এত কৃষ্ণতা। যাহোক, গোসল সেরে রাতের খাবারের জন্য বসল সে। খেতে 
গিয়ে ভাতের সাথে কাঁকরের মতো কিছু একটা সে অনুভব করল কিঃ অবশ্য মনের ভুলও হতে পারে 
সারাদিনের পরিশ্রমের পরে। রাতের খাবার শেষে ঘরের সাজসজ্জার নিকে সে একটু চোখ বুলিয়ে 
নিল। একটি কাঠের ছোট চারপায়া, বাঁশের তৈরি রাক, ছোট একটি টেবিল আর চেয়ার— সাকুল্যে 
এই হলো আসবাবপত্র। ততক্ষণে ঘরের বাঁশের বেড়ার ফাঁক নিয়ে পরিষ্কার জ্যোন্থার আলো এসে

পড়ছে ঘরের ভিতরে, আর যেন জানান দিচেছ মেঘ বৃষ্টির সমান্তি। বাইরে ঝিঁঝি পোকারা তারপরে চেঁচাচেছ। সবকিছু এক মোহময় পরিবেশের সৃষ্টি করছে নিঃসন্দেহে। তবে সারাদিনের হাড়ভাঙা পরিশ্রমের পরে এতক্ষণে চোখ মেলে রাখাই কট্টকর হয়ে পড়ল। কিছুক্ষণ পরেই সে হারিয়ে গেল দ্বমের গহীন জগতে।

তবে যুম থেকে জ্লেগে উঠতেও বেশিক্ষণ লাগল না, যুম ভাঙল ঘরের ভিতরের কিছু একটা বিকট শব্দে। ঘড়মড়িয়ে উঠে হাসান যতক্ষণে বসল, ততক্ষণে শব্দটি বন্ধ হয়ে গিয়েছে। বাইরে দায়িতুরত প্রহরীকে ডেকে জিজ্ঞাসা করতেই সে জানাল যে এটা তক্ষকের ডাক, নিরীহ প্রকৃতির একটা সরীসপ, পাহাতি অঞ্চলে বেশী পাওয়া যায় ইত্যাদি। এতক্ষণে ঘুমের ভিতরে শোনা শব্দটির সাথে বহু বছর পূর্বে শোনা একটি শব্দের মিল যেন সে খুঁজে পেল। দাদা বাড়িতে গিয়ে একটি বড় তালগাছের উপর থেকে সে গুনেছিল এরকমই শব্দ। তবে সেটা যে তক্ষকের ডাক ছিল তা তখন বুঝতে পারেনি। আর পারেনি বলেই ভয়ে সে একা আর ঐ তালগাছমুখো হয়নি অনেক দিন। এরপরে ঘর থেকে তক্ষক তাডানোর চেষ্টা চলল অনেকক্ষণ। তক্ষক পালাল কিনা বোঝা না গেলেও তার চোঝের ঘুম যে ততক্ষণে পালিয়েছে, তাতে সন্দেহ নেই। হেরিকেনের অনুজ্জল আলোয় সে দেখল ঘরের ভিতরে বেশ কয়েকটি টিকটিকি পোকা-মাকড় ধরা নিয়ে ভীষণ ব্যস্ত। রাত তখনো অনেকক্ষণ বাকী। অবশেষে একটা বই নিয়ে বসল হাসান, আর ধারণা করার চেষ্টা করল ক্যাম্পে তার অনাগত দিনগুলো সম্পর্কে। এই ২০০১ সালে এসে হারিকেনের আলোয় তার ভাবনান্ধলো দীপ্তিময় হয়ে তো উঠছেই না, বরং যেন তা হারিয়ে যেতে চাচ্ছে গহীন অন্ধকারে। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠে পড়ার সুযোগ পেয়েছিল সে। দেশসেবার সুযোগকে প্রাধান্য নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়া হয়ে ওঠেনি তার। সে ধারণা করার চেষ্টা করল তার সহপাঠীদের বর্তমান বৈচিত্রময় ও মুক্ত জীবন সম্পর্কে। গত ছুটিতেই কথা হচ্ছিল তার এক বন্ধুর সাথে। বিশ্ববিদ্যালয়ে অনার্সে পড়ে সে। একই বয়সে দুই বন্ধুর জীবনের অনেকখানি তুলনা যেন সে করেই ফেলল কিছুক্ষণের মধ্যে। সে কি একটু একটু করে হতাশ হয়ে পড়ছে? না হতাশ হওয়া যাবে না- হাসান বোঝাল নিজেই নিজেকে। এই জীবন তো তার নিজেরই বেছে নেয়া। বৈষয়িক প্রান্তি তার কাছে সর্বোচ্চ গুরুত্ব পায়নি কখনো, দেশের তরে কাজের মাধ্যমে অর্জিত মানসিক শান্তিই আসলে মুখ্য।

কিছুদিনের মধ্যেই ক্যাম্পের রুটিন জীবনের সাথে অনেকটা অভ্যন্ত হয়ে গেল হাসান। প্রশিক্ষণমূলক কার্যক্রমের পাশাপাশি ক্যাম্পে চলে নিয়মিত আভিযানিক কর্মকান্ত। এতে করে পার্বত্য এলাকায় বসবাসকারী জনসাধারণের জীবনধারা অত্যন্ত কাছে থেকে দেখার সুযোগ পাছেে সে: তাদের তরে কিছু করার তাগিদও অনুভব করে প্রতি মুহুর্তে। বাইরের দুনিয়ার সাথে যোগাযোগের মাধ্যম হচ্ছে ব্যাটারিচালিত একটি সাদা-কালো টেলিভিশন আর চিঠি। টেলিভিশনটি সন্ধ্যার পরে কিছুক্ষণের জন্য চালানো হয়, আর ক্যাম্পের সদস্যদের চিঠি পত্র জোন সদর হয়ে ক্যাম্পে আসে সম্ভাহে দুই থেকে তিন দিন। মাঝে-মধ্যে সংবাদপত্র আসে, তবে তা সবসময়েই থাকে কয়েকদিন আগের। ইতিমধ্যে একটা কর্মসূচিতে যোগদান উপলক্ষে সে কিছুদিন পূর্বে চউগ্রাম সেনানিবাসে গিয়েছিল। সেখানে গিয়ে বেশ কয়েকজন কোর্সমেট এর সাথে দেখা হলো তার। কয়েকজন আবার এসেছে পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন এলাকা থেকে। তাদের সাথে আলোচনায় জানা গেল যে কারো কারো ক্যাম্পে যেতে দুই-ভিন দিন সময় লাগে, আর প্রয়োজনীয় রশদ-সামগ্রী হেলিকন্টারযোগে ক্যাম্পে নিতে হয়। একজন কোর্সমেটকে পাওয়া গেল অত্যন্ত করুণ মুখ করে আছে। কারণ অনুসন্ধানে জানা গেল যে সে ছিল বিশেষ অভিযানে সাত দিনের জন্য বাইরে। বাইরের দুনিয়ার সাথে যাবতীয় যোগাযোগ বিচ্ছিন্ন। অভিযান শেষে ক্যাম্পে প্রত্যাবর্তন করে কারো বিয়ের সংবাদ পেয়েছে সে। সেই সংবাদই যেন শেল হয়ে প্রতিনিয়ত বিধছে তার মনে। সবকিছু তনে হাসানের মনে হলো যেন সে অনেকটা শহরেই আছে। এজন্যই হয়তো জ্ঞানীরা অপরের দুঃখ জানার তাগিদ দিয়েছেন, তাতে নিজের দুঃখ কিংবা না পাওয়ার বেদনা অনেকখানি হালকা হয়ে যায়।

ক্যাম্পের সকলের মাঝেই ম্যালেরিয়ার ভয় তীব্র। পার্বত্য অঞ্চলে বসবাসরত পাহাড়ি-বাঙ্কালি সকলেই এই ব্যাধিতে প্রতিনিয়ত আক্রান্ত হয় এবং মারাও যায়। তবে সঙ্গত কারণেই নির্দিষ্ট সময়ের জন্য পার্বত্য অঞ্চলে আসা সেনাসদস্যরা অনেক বেশি ম্যালেরিয়ার খুঁকিতে থাকে। কিছুদিন পূর্বেই ইউনিটের একজন সৈনিক ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে সকলের প্রচেষ্টা ব্যর্থ করে মারা পিয়েছে। বিশেষ করে তখন থেকে ম্যালেরিয়া প্রতিরোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ক্যাম্পে নিয়মিত পালন করা হচ্ছে,





কোন ছাড় নেই। ক্যাম্পে মশা কিন্তু মোটেই দুশ্যমান নয়, বরং খুঁজে পাওয়াই দুদ্ধর। তবে বিরজির আরেক নাম হচ্ছে হাতি পোকা। এইটুকুন ছোট পোকা বা প্রায় দেখতেই পাওয়া য়য় না, তার নাম হাতি পোকা কী করে হয় এটাও এক রহস্য। তবে কামড়ে কামড়ে লোকজনকে বাতিব্যস্ত করে রাখাতে যথেষ্ট পারসম এই পোকা। তবে এত সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও ছয় মাস থেতে না থেতেই ম্যালেরিয়ায় অক্রান্ত হলো হাসান। এমন কউলায়ক জুয় য়ার হয়নি, সে বুঝবে না এর তীব্রতা কতখানি। জ্বরের ঘোরেই হয়তো মা-বাবার মুখখানি অনেক স্পষ্ট হয়ে ফুটে উঠল তার কাছে। তার কিশোরের সেই স্কুল, কুলের খেলার মাঠ আর নদী পেরিয়ে মামাবাড়ি যাওয়া সবকিছুই যেন জীবন্ত হয়ে ধয়া দিছেছ তার সামনে। জোন সদরে আনা হলো তাকে। ম্যালেরিয়ার পূর্ণাঙ্গ ভোজ শেষে অবশেষে যমে-মানুষে টানাটানি শেষ হলো।

কিছুটা সূত্ব হয়ে সে আবার ক্যাম্পে এল, তবে এবার ভিন্ন ক্যাম্প। ইভিমধ্যেই সে ক্যাম্প এলাকার দূর্ব পরীব লোকজনের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের ব্যাপারে জোন সদরে অধিনায়কের সাথে কথা বলেছে। ক্যাম্পে এসেই সে এলাকার গরীব লোকজনের একটা তালিকা করে কেলল। একটা দিনে তালেরকে একতিত করে সাধ্যমতো আর্থিক সহায়তা করা হলো। এলাকায় একটি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। কিন্তু ছাত্র-ছাত্রীর উপস্থিতি অত্যক্ত কম। খোঁজ নিয়ে হাসান জানতে পারল যে তালের আর্থিক দৈন্যই এর মূল কারণ। বিষয়টি জোন সদরে জানালে এবারেও ইতিবাচক সাড়া পাওয়া গেল। অতএব, কুলের শিক্ষার্থীদের মাঝে বন্টন করা হলো প্রয়োজনীয় শিক্ষাসহায়ক উপকরণ। এদিকে পার্বত্য অঞ্চলে শীত জেঁকে বসেছে। এরই মধ্যে উহলে বের হয়ে একদিন সে নিকটবর্তী টিলায় নেখতে পেল এক উপজাতি বৃদ্ধা তার ঘরের বারান্দায় জবুধবু হয়ে বসে আছেন। কাছে গিয়ে কুশল জিজ্ঞেস করতেই তার ভাষায় তিনি যা বললেন তা হলো, এ বছরের মতো শীত তিনি তার জন্মে দেখননি। আমরা যদি তাকে একটু সাহায্য করি তাহলে তিনি হয়তো এই শীতে বেঁচে যাবেন। অতএব, আবার জোন সদরের সাথে যোগাযোগ করা হলো। কলঞ্জতিতে বেশকিছু শীতবন্ধ পাঠানো হলো জোন সদর থেকে। এর সাথে সে ক্যাম্পের সেনা ও আনসার সদস্যদের কাছ থেকেও কিছু শীতবন্ধ সঞ্চাহ করল। অনতিবিলয়ে তা বন্টন করা হলো অসহার লোকজনের মাঝে।

দেখতে দেখতে হাসান পার্বত্য চট্টগ্রামে প্রায় এক বছর পার করে কেলল। এরই মাঝে বিভিন্ন সমরে দায়িত্ব পালন করেছে আরো একাধিক ক্যান্দেশ। আলুটিলা ক্যান্দেশ নাড়িয়ে দূরের শান্ত-ব্লিন্ধ পাহাড় পানে তাকিয়ে তার একটা কথাই মনে হতো, সোনার বাংলার অবিচ্ছেন্য অংশ অপার সৌন্দর্বের লীলাভূমি এই পার্বত্য চট্টগ্রামে পরিপূর্ণ শান্তি কবে আসবে। আর কবেই বা এখানকার সাধারণ নিরীহ লোকজন হিংসা-হানাহানিতে লিগু সুযোগসন্ধানী লোকদের কবল থেকে মুক্ত হবে। হাসান ইতিমধ্যে ম্যালেরিয়ায় আরো দুইবার আক্রান্ত হলো, সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের পরেও। এবারের ম্যালেরিয়া যেন তার আহু কমিয়ে দিয়েছে করেক বছর। মাঝে তার ইউনিট এর অন্য সেনানিবাদে প্রত্যাবর্তনের আদেশ হলো, আর সেও নির্বাচিত হলো একটি প্রশিক্ষণে। এর সাথেই শেষ হলো পার্বত্য চট্ট্রয়ামে তার প্রথমবারের দায়িত্ব পালন। সাথে সে নিয়ে গেল পাবর্ত্য অঞ্চলের বিগত এক বছরের অন্ধ মধুর একগালা স্কৃতি।

সময় বয়ে চলে নিরন্তর, বিরামহীন গতিতে। মানুষের জীবনও চলে সময়ের সাথে তাল মিলিয়ে-প্রতিনিয়ত, প্রতিটি ক্ষণ। পার্বত্য চয়য়াম ছেড়ে আসার এক য়ুগেরও বেশি পার হয়ে গিয়েছে। আবারও মেজর হাসান এর বদলির আদেশ এলো পার্বত্য চয়য়াম। তবে এবারকার প্রেক্ষাপট য়েমনি ভিন্নতর, তেমনি দায়িত্বের আঙ্গিকও আপের থেকে আলাদা। শান্তি চুক্তি পরবর্তী বিগত এই বছরওলিতে বছমাত্রিক উন্নয়নের ছৌয়া লেগেছে পার্বত্য এই জনপদে। জীবনয়ায়ার মান উন্নত হয়েছে আনেকখানি। তবে সমস্যার বৈচিত্র্যও বেড়েছে নিঃসন্দেহে বছওণ। পূর্বের সমস্যার ধরণ যেমন পাল্টেছে, তেমনি বদলেছে তার উপযোগী সমাধান সূত্রও। এমনি এক পরিস্থিতিতে হাসান আবার আসল পার্বত্য চয়য়ামে, এবারেও গুইমারা রিজিয়নের আগুতাধীন একটি জোনে। পূর্বের অভিজ্ঞতার আলোকে ম্যালেরিয়ার প্রতিকারমূলক যাবতীয় পদক্ষেপ সে নিল অতি সতর্কতার সাথে, যদিও ম্যালেরিয়ার প্রকোপ পূর্বের তুলনায় অনেক কম। যোগাযোগ ব্যবস্থারও উন্নতি হয়েছে অনেকখান। কিছু দুর্গম এলাকা বাদে অধিকাংশ স্থানেই মোবাইল নেউওয়ার্ক বিদ্যমান। তবে এখানে এসেই সে টের পেল, মোবাইল ও ইন্টারনেট প্রযুক্তির অপব্যবহার কী হারে হছে। পার্বত্য চয়য়ামকে নিয়ে বিশেষত অত্য এলাকায় অবস্থানত সেনাবাহিনীকে নিয়ে প্রতিনিয়ত চলছে অপপ্রচার।

প্রকৃত অর্থে শান্তি চুক্তি স্বাক্ষর পরবর্তীতে পার্বত্যাঞ্চলে সেনাবাহিনী তথু শান্তি শৃজ্ঞলা রক্ষাই নয়, নিয়েজিত হয়েছে বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে। যদিও শান্তি চুক্তির পূর্বেও এরপ কর্মকাণ্ড প্রচলিত ছিল, তবে শান্তি চুক্তি পরবর্তীকালে পরিবর্তিত পরিস্থিতিতে তা ভিন্নমান্না লাভ করেছে। আসলে পার্বত্য এলাকায় ঢুকেই হাসান বুঝতে পারল সেনাবাহিনীর ইতিবাচক উপস্থিতি। গাহাড়ের রাজাগুলো বরাবরই উচু-নিচু, তবে তার চেয়ে বিপজ্জনক হলো এসব রাজান্থিত বিভিন্ন মোড়। সড়ক দুর্ঘটনা প্রতিরোধে এরকম প্রতিটি মোড়েই দায়িত্বরত সেনা জোনসমূহের পক্ষ হতে রয়েছে সতর্কতাসূচক বার্তা। এছাড়া সড়কের পাশে নজরে পড়ল সেনাবাহিনীর তৈরি অনেকগুলো যাত্রীছাউনি। যাহোক, কর্মস্থলে যোপদান করল সে। যোগদানের পরের দিনগুলোতে চলল এলাকা সম্পর্কে তার পরিচিতিমূলক কার্যক্রম। সবগুলো ক্যাম্পে যেতে যেতে এখানকার জনসাধারণের জীবনযাত্রার উন্নতি চোখে পড়ল, যা কি- না কয়েক বছর পূর্বেও ছিল অকল্পনীয়। কিছু ব্যতিক্রম ছাড়া প্রায় সব ঘরই টিনের। অনেকগুলো আবার ইটের তৈরি। দুর্গম এলাকায়ও অনেক লোকজন বাড়িতে ব্যবহার করছে সৌরবিনুত্রং। একটি ক্যাম্পে যাওয়ার পথে পড়ল বেশ প্রশস্ত একটি পাহাড়ি ছড়া, তার উপরে রয়েছে ঝুলন্ত সেতু। এই সেতুটি পাহাড়ি জনসাধারণের চলাচলের সুবিধার্থে পূর্ববর্তী একটি সেনা জোন কর্তুক নির্মাণ করা হয়েছে।

সামনে বাংলা নববর্ষ। প্রান্ন একই সময়ে পার্বতা চট্টপ্রামে বসবাসরত কুদ্র নৃ-পোষ্ঠীগুলোও পালন করে তাদের নিজস্ব বর্ষবরপের উৎসব। চারিদিকে উৎসবের আমেজ। এরই মাঝে একাধিক কুদ্র নৃ-পোষ্ঠীর করেকজন প্রতিনিধি তাদের বর্ষবরণ উৎসবে আর্থিক সহায়তা প্রান্তির জন্য জোন সদরে আসল। জোনের পক্ষ থেকে তাদের উপযুক্ত সহায়তা প্রদান করা হলো। আর যাওয়ার আপে তারা কিন্তু তাদের উৎসবে যোগদানের জন্য আমন্ত্রণ জানাতে ভুল করেনি। এটিই পার্বত্য এলাকায় বিদ্যুমান বাজ্ববতা। কিন্তু এর পরের দিনই সে যখন রাজ্য দিয়ে যাছিল, তখন তার চোখ আটকে গেল রাজার পাশে টানানো একটি ব্যানারের দিকে। সেনাবাহিনীর উপস্থিতির কারণে পাহাড়িদের নতুন বছরের উৎসব প্রতিপালন বাধায়াছ হচ্ছে এরকমই অভিযোগ লেখা রয়েছে ব্যানারে। এই এলাকাটিতে শান্তি চুক্তি বিরোধী একটি সংগঠনের বেশকিছু লোক বসবাস করে তা সে ইতিমধ্যেই জেনেছে। তবে সে আকর্ষ হলো এই ভেবে যে কিন্তাবে বিদ্যুমান বান্তবতার সম্পূর্ণ বিপরীত একটি বন্ডব্যুকে রাল্তা দিয়ে চলাচলকারী দূর-দ্রান্তের লোকজনের কাছে পৌছে দেয়া হচ্ছে। তবে এর কয়েকদিন পরেই সেনা রিজিয়ন এর পৃষ্ঠপোষকতায় আয়োজিত নববর্ষ উৎসবে পাহাড়ি জনসাধারণের স্বত্যস্কূর্ত অংশগ্রহণ ও উপস্থাপনাও ছিল চোখে পড়ার মতো ও মনোমুঞ্কর।

পার্বত্য চট্টপ্রামে মোতায়েনকৃত প্রতিটি সেনা ইউনিটই স্ব স্ব এলাকায় শিক্ষা বিস্তারে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। অনেক এলাকায় স্কুল কলেজ প্রতিষ্ঠা এবং শিক্ষার্থীদের বেতন-ভাতা প্রদানসহ প্রতিষ্ঠান পরিচালনার দায়িতেও সেনাবাহিনী নিয়োজিত রয়েছে। হাসান দেখল যে তার জোন কর্তৃক দুর্গম এলাকায় শিক্ষকদের বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক খরচ প্রদানসহ একটি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে, যার শতভাগ শিক্ষার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত। বিদ্যালয়টি সরকারিকরশের প্রক্রিয়াও প্রায় শেষের পথে। আরেকটি স্কুলে প্রতিমাসে বড় অংকের আর্থিক অনুদান এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিবদের প্রশিক্ষণের জনাও নিয়মিত আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছিল। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ বিতরণের পাশাপাশি শিক্ষার্থীদের জন্য আন্তঃস্কুল বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা, বাংসরিক জীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মতো সহশিক্ষা কার্যক্রমেও জোনের পক্ষ হতে নিরমিত সহারতা প্রদান করা হয়ে থাকে। একবার একটি শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ হতে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের নিমিত্তে স্পিকারসহ শব্দযন্ত্র (পিএ ইকুইপমেন্ট) চাওয়া হলে তা প্রদান করা হয়। আরেকবার এলাকার একটি বিদ্যালয় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে সে যোগদান করে। সেখানে পাহাড়ি ছাত্র-ছাত্রীদের পরিবেশনা ছিল অত্যন্ত আকর্ষণীয়। এ থেকে পাহাড়ে বসবাসরত কুদ্র-নৃ-পোষ্ঠীর জনসাধারণের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে তার ধারণা আরও পোক্ত হলো। এছাড়া ভইমারা রিজিয়ন সদরের তত্ত্বাবধানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের জন্য আয়োজিত একটি ত্রীড়া প্রতিযোগিতায় উপস্থিত ছিল হাসান। সেখানে শিশুদের ও তাদের অভিভাবকদের স্বতঃস্কূর্ত অংশগ্রহণ ছিল দেখার মতো। এরই মাঝে এলাকার তরুণ ও যুবকদের জন্য জোনের পক্ষ থেকে আয়োজন করা হলো আন্তঃইউনিয়ন ফুটবল প্রতিযোগিতা। সেখানেও সকলের সাড়া ছিল অভুতপূর্ব। এছাড়া হাসান অধিনায়কের সাথে আলোচনা করে দুর্গম এলাকার বিভিন্ন ক্লাবে খেলাধুলার সরঞ্জাম বিতরণের ব্যবস্থা कत्रम ।





রোজার মাস। যদিও বর্ষাকাল এখনো ভরু হয়নি, তবে বৃষ্টি হচ্ছে অবিরাম। পার্বত্য চট্টগ্রামের পাহাডসমূহের বিশেষ গঠনশৈলীর কারণে একটানা বৃষ্টি হলে ভূমিধ্বসের আশঙ্কা তৈরি হয়। আর বৃষ্টি হলেই সামান্য পানির পাহাড়ি ছড়াগুলোও যেন মূহুর্তের মধ্যেই পানিতে টইটযুর হয়ে যায়। খবর পাওয়া গেল নিকটবর্তী ধূলিয়া খালে পানির তোড়ে ভাঙ্গন ওক্ন হয়েছে। অতএব, ভাঙ্গন প্রবন এলাকা হতে লোকজনকে উদ্ধার করতে উপজেলা প্রশাসনের সহায়তায় আশ্রুয়কেন্দ্র খোলা হলো। জোনের তরফে সেখানে তকনো ও রান্না করা খাবার প্রেরণ করা হলো। এছাড়াও প্রতিনিয়ত আশে পাশের এলাকায় ছোট-খাট ভূমিধ্বসের খবর পাওয়া মাত্রই লোকজনকে উদ্ধার করা হচ্ছিল। একদিন একটি ক্যাম্পে যাওয়ার পথে হাসান লক্ষ্য করলো যে একটি পাহাড়ের ঢালে ছেটি-খাট ভূমিধ্বস হয়েছে, কিন্তু তার নিচেই ঝুঁকিপূর্ণ অবস্থায় দুইটি পরিবার বসবাস করছে। সে ঐ পরিবার দুইটির কাছে গিয়ে সরেজমিনে বিষয়টি প্রত্যক্ষ করে সাথে সাথে স্থানীয় জনপ্রতিনিধির সাথে যোগাযোগ করলো এবং বুঁকিতে থাকা লোকজনকে উদ্ধারের ব্যবস্থা করলো। এদিকে ভূমিধ্বলে সবচেরে বেশি হতাহতের খবর পাওয়া যাচ্ছিল রাঙ্গামাটি হতে। ভূমিধ্বদে মৃত্যুর মিছিলে প্রতিদিনই নতুন নতুন লোক সামিল হচ্ছিল সেখানে। আরো জানা গেল যে পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন দুর্যোগ কবলিত এলাকায় কাজ করে যাছে সেনাবাহিনীর সদস্যপণ। এমনি একদিন খবর পাওয়া গেল যে রাঙ্গামাটিতে ভূমিধ্বস পরবর্তী উদ্ধার কার্যক্রম পরিচালনা করতে গিয়ে দইজন সেনা কর্মকর্তাসহ সর্বমোট পাঁচজন সেনাসদস্য শহীদ হয়েছে। এছাড়া আহত হয়েছে আরও অনেকজন। শহীদদের নাম জানতে পেরে স্তব্ধ হয়ে পেল হাসান। কারণ এই তালিকায় যে রয়েছে তারই এক কোর্সমেটের নাম। সদা শান্ত, সৌযাদর্শন আর নিপাট ভদ্রলোক তার বন্ধটি বেঁচে নেই- এটা বিশ্বাস করতেই যেন কট্ট হচ্ছিল। এত অল্পতেই সে চলে যাবে, কখনো মনে হয়নি। নিজ কর্মের দ্বারা শেষ পর্যন্ত বাংলাদেশ সেনাবাহিনীকে গৌরবাধিত করেছে সে- তবে এজন্য তাকে উৎসর্গ করতে হয়েছে নিজের জীবন। তার স্ত্রী হয়েছে বিধবা, একমাত্র সম্ভানটি হয়েছে পিতৃহারা।

দেখতে দেখতে বর্বা মৌসুম চলে এল। বৃক্তরোপদের এখনই উপযুক্ত সমন্থ। পূর্ববর্তী বছরসমূহের ন্যায় এবছরও জোন সনরের পক্ষ হতে জনসাধারণের মাঝে বিভিন্ন রকমের প্রচুর ফলজ, বনজ ও ঔষধি পাছের চারা বিভরণ করা হলো। ওধু তাই নয়, হাসানের বিশেষ উৎসাহে কৃষি কর্মকর্তাদের মাধ্যমে সকলের মাঝে প্রয়োজনীয় কৃষি পরামর্শ প্রদানের ব্যবস্থা করা হলো। এখানে উল্লেখ্য যে পার্বত্য অঞ্চলে অপরিকল্পিতভাবে জ্বম চাষের বিজার ঘটার এবং দুষ্কৃতিকারীদের হারা নির্বিচারে বনজ সম্পদ লুটের কারণে অত্র অঞ্চলের প্রাকৃতিক ভারসাম্য আন্ধ হ্মকির মূখে। তবে আশার কথা এই যে কাঠ পাচারের বিক্লজে পার্বত্য চট্টয়ামের সেনা জোনসমূহের কঠোর অবস্থানের কারণে বনজ সম্পদের পাচার আগের চেরে অনেক কমেছে। এছাড়া বিভিন্ন পর্যায়ে গৃহীত পদক্ষেপের কারণে বাণিজ্যিকভাবে বনায়নের হারও অনেকখানি বেড়েছে।

সরকারের পক্ষ থেকে বিভিন্ন সময়ে পার্বত্য অঞ্চলে স্বাস্থ্যসেবা সম্প্রসারণে ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তবে দুর্গম অঞ্চলে বসবাসকারী প্রান্তিক জনগণের কাছে স্বাস্থ্যসেবা পৌছানো অত্যন্ত দুক্রহ একটি কাজ এবং এক্ষেত্রেও এপিয়ে এসেছে বাংলাদেশ সেনাবাহিনী। প্রতি মাসে প্রতিটি ক্যাম্প এলাকায় জোন সদরের সামরিক ডাজার কর্তৃক স্থানীয় জনসাধারণকে চিকিৎসাসেবার পাশাপাশি বিনাম্ল্যে ঔষধ প্রদান করা হয়। উল্লেখযোগ্য সংখ্যক পাহাড়ি ও বাঙালি যারা ন্যূনতম চিকিৎসাসেবা খেকে বক্ষিত তানের জন্য নিয়সন্দেহে এ এক বিরটি আশীর্বাদ। এছাড়াও চিকিৎসাসেবা প্রদানকারী অন্যান্য সহযোগী সংগঠনের সাথে সমস্বয়ের মাধ্যমে প্রায়শ বিনাম্ল্যে চন্দু ও দন্ত শিবিরের আয়োজন করা হয়। এ ব্যাপারে জোন সদরের তক্ষণ সামরিক ডাজারের আয়হ ছিল চোখে পড়ার মতো। এরকম একাধিক শিবিরে জনসাধারণের অংশগ্রহণ ও ইতিবাচক প্রতিক্রিয়া দেখে আপ্রত হয় হাসান।

ভৌগোলিক অবস্থান ও অন্যান্য কিছু কারণে পার্বত্য চট্টপ্রাম বিভিন্ন ধরনের মাদকদ্রব্যের প্রচলন লক্ষ্য করা যায়। আর মাদকদ্রব্যের প্রসার ঘটলে তা একদিকে যেমন সামাজিক ভারসায় নাই করে, অন্যদিকে তা নিরাপজাজনিত হুমকিরও সৃষ্টি করে থাকে। এজন্য মাদকদ্রব্যের ব্যবহার ও প্রসার রোধকল্পে জোনের পক্ষ থাকে বিভিন্ন সহযোগী সংস্থার সমস্বয়ে সচেতনতামূলক ব্যাপক কার্যক্রম পরিচালনা করা হলো। এছাড়া মাদকদ্রব্যা পাচার ও ব্যবসার সাথে জড়িত ব্যক্তিবর্ণের ব্যাপারে শূন্যসহিক্ষ্ নীতি (জিরো টলারেপ) অবলম্বনপূর্বক জোনের পক্ষ হতে অনেককে আইন-শূক্ষালা রক্ষাকারী বাহিনীর কাছে সোপর্দ করা হয়।

পিছিরে পড়া এলাকার উন্নয়নে উপযুক্ত কর্মসংস্থান সৃষ্টির কোন বিকল্প নেই। পার্বত্য এলাকার জনসাধারণের কর্মসংস্থানের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসৃত্যি চলমান রয়েছে। এছাড়া অত্য এলাকার বিভিন্ন কর্মসংস্থান সহায়ক কার্যক্রমে বাংলাদেশ সেনাবাহিনীও সম্পৃত্ত রয়েছে। এরই অংশ হিসেবে জোনের খরচে নির্বাচিত বেশ কিছু পাহাড়ি যুবককে কারিগরি প্রশিক্ষণে পাঠানো হলো। পাশাপাশি মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণের ব্যবস্থা করা হলো, যাতে তারা আত্মনির্ভরশীল হতে পারে। এসবের পাশাপাশি গরীব ও অসার লোকজনকে প্রায়শ আর্থিক সহায়তা, গৃহনির্মাণ সামগ্রী ও শীতবন্ধ বিতরণ করা হয়।

বাংলাদেশের প্রায় এক দশমাংশ এলাকা জুড়ে পার্বত্য চইপ্রাম (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান) বিকৃত। পার্বত্য চইপ্রামের ইতিহাসের সাথে বহু সম্প্রদায় ও বিচিত্র ভৌগোলিক পরিবেশ জড়িত। এটি বাংলাদেশের চিরকালীন অখণ্ড ও অবিচ্ছেদ্য অংশ। দিগন্ত বিস্কুত পাহাড়িকার মৌন নিস্তব্ধ সৌনর্থিক বেশ এই পার্বত্য চইপ্রামে শান্তি বাহিনী নামক একটি বিচ্ছিন্নভাবাদী সংগঠনের কার্যক্রম তরু হওয়ার প্রেক্তিতে সেনাবাহিনী মোতায়েন করা হয়। অত্যন্ত সক্ষণতার সাথে বিচ্ছিন্নভাবাদীদের অপতৎপরতা নস্যাৎ করে দেশের অখণ্ডতা রক্ষায় নির্দ্রনভাবে কাজ করে বাংলাদেশ সেনাবাহিনী। প্রায় দুই দশকের সংখাত শেষে ২ তিসেমর ১৯৯৭ সালে সম্পাদিত হয় ঐতিহাসিক শান্তি চুক্তি। কিন্তু অত্যন্ত পরিতাপের সাথে হাসান লক্ষ করল যে শান্তি চুক্তির পূর্বে পার্বত্য চইপ্রামে সেনাবাহিনীর ভূমিকা সম্পর্কে কিন্তুটা ধারণা থাকলেও শান্তি চুক্তি পরবর্তীতে পার্বত্য চইপ্রামে সেনাবাহিনীর ভূমিকা সম্পর্কে দেশের সংখ্যাগরিষ্ঠ জনসাধারণের বচ্ছ কোন ধারণাই নেই। বিভিন্ন ধরনের অপ্রচারের কারণে অনেকের ভিতরেই পার্বত্য চইপ্রামে বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা সম্পর্কে নেতিবাচক মনোভাব বিদ্যমান। দেশের অখন্ততা রক্ষা করতে গিয়ে প্রতিকূল পরিস্থিতিতে প্রতিটি সেনাসদস্যের যে ত্যাগ, সীমাহীন কট্ট তা বেন অনেকেই ভূলে যায়।

শান্তি চুক্তি স্বাক্ষরের দুই দশক পার হয়ে গেলেও পার্বত্য অঞ্চলে পুরোপুরি শান্তি এখনো আসতে পারেনি, বরং ঘোলা পানিতে মাছ শিকারের নেশায় উন্ত হয়েছে কিছু সুযোগসন্ধানী মহল। এদের কারো অবস্থান পার্বত্য চট্টপ্রামে আর কেউবা কলকাঠি নাড়ে, মদদ যোগার দুর থেকে। তবে একটি জায়গায় এদের সম্পূর্ণ মিল আর তা হলো যে কোনো প্রকারেই পার্বত্য অঞ্চলের শান্তি সম্প্রীতি বিনষ্ট করতে হবে, শান্তি প্রক্রিয়াকে করতে হবে বাধাগ্রন্থ। কথার আছে, 'মায়ের চেয়ে মাসীর দরদ বেশী'-আর এদের ক্ষেত্রে এ কথাটি যেন শতভাগ প্রযোজ্য। অনেকের হয়তো কোন দিন পার্বত্যাঞ্চলে পায়ের ছাপও পড়েনি, হলে কী হবে, তাদের আছে ক্ষুরধার লেখনী আর সদাসচল জবান। তিলকে তাল করতে এদের জুড়ি মেলা ভার। জারক রসেও সেনাবাহিনীর কোন সাফল্য এদের যেন হজম হতে চার না। গভীর হতাশার সাথে হাসান দেখলো যে পার্বতা চট্টগ্রামে সেনাবাহিনীর অজস্র ইতিবাচক কর্মকান্তের সামান্য অংশই সঠিকভাবে উপস্থাপিত হয়, বরং বিভিন্ন ধরনের নেতিবাচক প্রচারণাই হয় বেশি। সেনাবাহিনীর শত অর্জনের মাঝে কোন ব্যত্যয় হলেই তাকে উপজীব্য করে এবং ফুলিয়ে ফাঁপিয়ে চলে অনবরত প্রচারণা। অবাধ তথাপ্রবাহের এই যুগে। সুযোগসন্ধানী গোষ্ঠী এবং প্রিন্ট ও ইলেবট্রনিক মিডিয়ার অপপ্রচার একদিকে হেমন জনসাধারণকে বিদ্রান্ত করছে, অন্যদিকে তেমনি পার্বত্য এলাকার বসবাসরত পাহাড়ি ও বাঙালিদের মাঝে বিভাঞ্জনের দেয়াল তুলে দিছে। এছাড়া স্বার্থাদ্বেখী মহল কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করেও চলে সার্বক্ষণিক অপপ্রচার। হাসান আন্তরিকভাবে বিশ্বাস করে যে কেবল সংশ্লিষ্ট সকলের ইভিবাচক ও বিবেকপ্রসূত সচেতনতাই এ সকল নেতিবাচক কর্মকান্ত প্রতিরোধে কার্যকরী ভূমিকা পালন করতে পারে।

সময়ের সাথে তাল মিলিয়ে পার্বত্য চট্টয়ামে বাংলাদেশ সেনাবাহিনীর কার্যক্রমেও এসেছে পরিবর্তন, যোগ হয়েছে বহুমাত্রিকতা। পার্বত্য অঞ্চলে শান্তি-শৃক্তলা রক্ষা ও সন্ত্রাসী গোষ্টীসমূহের কার্যক্রম প্রতিরোধের পাশাপাশি জনসাধারণের জীবনমান উন্নয়নে নিরলসভাবে কাজ করছে বাংলাদেশ সেনাবাহিনী। আসলে উন্নয়নের মহাসভূকে সকলকে সামিল করতে পারলেই তাকে প্রকৃত উন্নয়ন বলা যায়। আর এ লক্ষ্যে সরকারের বিভিন্ন সংস্থার পাশাপাশি নিজন্ব সক্ষমতার সব্টুকু নিংড়ে দিয়ে কাজ করছে বাংলাদেশ সেনাবাহিনী। পার্বত্য অঞ্চলে শিক্ষা, যোগাযোগ, সাম্প্রদারিক সম্প্রীতি, দূর্যোগ ব্যবস্থাপনা, কৃষি, স্বাস্থাসেবা, কর্মস্থান- প্রতিটি ক্ষেত্রেই বাংলাদেশ সেনাবাহিনীর রয়েছে গৌরবসীও অংশগ্রহণ। সীমাহীন সৌন্দর্যের আযার পার্বত্য উট্টয়ামের রয়েছে অপার সন্তাবনা। তবে সেই সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে প্রয়োজন স্থিতিশীল ও নিরাপদ পরিবেশ। আর এ লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী তক্ষ থেকেই অন্ত অঞ্চলে কাজ করে যাছে। শত প্রতিকৃপ পরিস্থিতির মোকাবেলা





# অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ এবং বাংলাদেশ সেনাবাহিনী

লেফটেন্যান্ট কর্নেল মোঃ খালিদ সারফুরাহ, পিএসসি

# ভূমিকা

ষ্ট্রোন্নত দেশের ধারণাটি ১৯৬০ এর দশকে প্রথম প্রবর্তিত হলেও জাতিসংঘ প্রথম ব্যক্লোন্নত দেশগুলোকে পৃথকভাবে শ্রেণিবন্ধ করে ১৯৭১ সালে। মাথাপিছু আর, মানবসম্পন ও অর্থনৈতিক স্থিতিশীলতার বিভিন্ন সৃহকে জাতিসংঘ নির্ধারিত সীমার (Threshold) মধ্যে থাকা দেশগুলো ব্যক্লোন্নত দেশ হিসেবে চিহ্নিত। ব্যক্লোন্নত দেশগুলোতে সাধারণত জীবনযাত্রার মান কম, শিল্প বাণিজ্যে এ সমস্ত দেশ অনপ্রসর এবং মানব উন্নয়ন সূচকে অপরাপর দেশের ভূলনার এই দেশগুলো পিছিরে। বিশ্বের অপেক্ষাকৃত দরিত্র দেশগুলো আর্থ-সামাজিক বিভিন্ন মানদঙ্গে ক্রমশ পিছিরে থাকার প্রেক্ষাপটে এ সমস্ত দেশের উন্নয়ন প্রক্রিয়াকে তরান্বিত করার লক্ষ্যে জাতিসংঘ প্রথম ব্যক্লোন্নত দেশের ধারণাটি প্রবর্তন করে।

অপরদিকে বর্তমানে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা বিশ্বের দেশগুলোকে তাদের আর এবং সামাজিক কিছু সূচকের ভিত্তিতে করেকটি তাগে তাগ করে থাকে। এগুলোর মধ্যে বিশ্ববাংক ঋণ প্রদানের সুবিধার জন্য সদস্য দেশগুলোকে নিমু আরের দেশ, নিমুমধ্যম আরের দেশ, উচ্চ আরের দেশ এই চার তাগে তাগ করেছে। প্রতিবছর এই তালিকা নতুন করে তৈরি করা হয়। তবে এই তাগটি বধু আয়ভিত্তিক বলে এখানে কোনো দেশের সামগুকি উন্নয়নের চিত্রটি বোঝা যার না। কেননা, উচ্চ মাধাপিছু আর থাকার পরও কাঠামোগত দুর্বলতার কারণে অনেক দেশ সামাজিক সূচকে পিছিরে থাকে।

জাতিসংঘের তথামতে বর্তমানে বিশ্বে সর্বমোট ৪৭টি দেশ স্বল্প্লোর্রত দেশের তালিকার রয়েছে। বাংলাদেশ স্বল্পোর্রত দেশের তালিকার অন্তর্ভুক্ত হয় ১৯৭৫ সালে। স্বল্পোর্রত দেশ নিয়ে জাতিসংঘের প্রতিষ্ঠান আন্তর্টাতের নেতৃত্বে ১৯৮১, ১৯৯০, ২০০১ ও ২০১১ সালে চারটি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মাননীর প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের বাংলাদেশ প্রতিনিধিদল গত ০৯-১৩ মে ২০১১ তারিখে তুরক্তের ইন্তামুল শহরে অনুষ্ঠিত স্বল্পোর্রত দেশসমূহের ৪র্থ জাতিসংঘ সম্মেলনে অংশগ্রহণ করেন। সম্মেলনে স্বল্পোর্রত দেশসমূহের সামপ্রিক উন্নয়নের লক্ষ্যে ইন্তামুল যোঘণা ও ইন্তামুল কর্মপরিকল্পনা (Istanbul Programme of Action-IPoA) গৃহীত হয়। এ কর্মপরিকল্পনার সুনির্দিষ্ট উদ্দেশ্য হল, ২০২০ সালের মধ্যে অর্ধেক সংখ্যক দেশকে স্বল্পোর্রত দেশের ক্যাটাগরি থেকে উত্তরণ (graduation) ঘটানো। এখন পর্যন্ত সর্বমেটি পাঁচটি দেশ স্বল্পোর্রত দেশ থেকে উত্তরণে সক্ষম হয়েছে। এ দেশগুলো হল-বোতসোয়ানা (১৯৯৪), কেপ ভারদে (২০০৭), মালন্বীপ (২০১১), সামোয়া (২০১৪) ও ইকুয়েটরিয়াল গিনি (২০১৭)।

# বক্সোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের সূচকসমূহ

জাতিসংঘের অর্থনৈতিক এবং সামাজিক কাউলিল (Economic and Social Council-ECOSOC) এর উন্নয়ন নীতিমালা বিষয়ক কমিটি (Committee for Development Policy-CDP) তিনটি সূচকের ভিত্তিতে তিন বছর পর পর উন্নয়নশীল দেশ থেকে উত্তরণের বিষয় পর্যালোচনা করে। এই কমিটির সুপারিশ অনুযায়ী স্বন্ধোন্নত দেশ থেকে বেরিয়ে আসার সূচকগুলো হচ্ছে:

- মাধাপিছু জায় (Gross National Income per Capita)

   হা বিগত তিন বছরের গড়

  মাধাপিছু জাতীয় আয় হতে নির্ধারণ করা হয়।
- মানবসম্পদ সূচক (Human Assets Index)- এই সূচকটি পুষ্টি, স্বাস্থ্য, মৃত্যুহার, স্কুলে
  ভর্তি ও শিক্ষার হারের সমন্বরে তৈরি হয়।





 অর্থনৈতিক ভন্নরতা স্চক (Economic Vulnerability Index)- যা প্রাকৃতিক দুর্যোগ, বাণিজ্য ও অর্থনৈতিক আঘাত, জনসংখ্যার পরিমাণ এবং বিশ্ববালার থেকে একটি দেশের দূরতুসহ আটটি বিষয়ের ওপর ভিত্তি করে তৈরি করা হয়।

উপযুক্ত যে কোনো দুটি স্চকের মান অর্জন করতে পারলেই একটি দেশ স্বল্লোন্নত দেশের তালিকা থেকে উত্তরণ ঘটানোর যোগ্যতা অর্জন করে। তবে ইচ্ছা করলে কোনো দেশ শুধু মাখাপিছু জাতীয় আরের ভিত্তিতেও এলভিসি থেকে বেরিয়ে আসার যোগ্যতা অর্জন করতে পারে। সে ক্ষেত্রে তার মাথাপিছু আয় মূল্যায়নের বছরে নির্ধারিত প্রয়োজনীয় আরের দ্বিশুণ হতে হবে।

কোনো দেশ পর পর দূটি ত্রিবার্ষিক পর্যাগোচনায় (৬ বছর) তিনটি সূচকের যে কোনো দূটিতে উঞ্জীর্দ হলে অথবা জাতীয় মাথাপিছু আয় নির্ধারিত মানের হিগুণ অর্জন করতে পারলে তাকে জাতিসংঘ উন্নয়নশীল দেশ হিসেবে ঘোষণা দেয়।

#### মৃশ্যায়ন - স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণে বাংলাদেশের যাত্রা

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকে ব্যাপক অর্থগতি অর্জন করেছে। এরই সুবাদে গত ১২-১৬ মার্চ ২০১৮ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে সিডিপি এর পরবর্তী ব্রিবার্ধিক পর্বালোচনা সভায় বাংলাদেশ প্রথমবারের মতো আনুষ্ঠানিকভাবে সঞ্জোন্নত দেশ থেকে উত্তরণের সকল মাননত পুরণের স্বীকৃতিপ্রাপ্ত হয়।

২০১৮ সালের এলডিসি থেকে উদ্তরণের জন্য সিভিপি কর্তৃক যে মান নির্ধারণ হয়, তাতে একটি দেশের মাথাপিছু আয় হতে হবে কমপক্ষে ১,২৩০ মার্কিন ভলার। বিশ্বব্যাংক নির্ধারিত যে আ্যটলাস পদ্ধতিতে এ আয় নির্ধারণ করা হয় সেই হিসাবে বাংলাদেশের মাথাপিছু আয় এখন ১,২৭১ মার্কিন ভলার। মানব সম্পন সূচক যা কিনা পুষ্টি, স্বাস্থ্য, স্কুলে ভর্তি ও শিক্ষার হারের সমস্বয়ে তৈরি হয়, সেখানে একটি দেশের ক্ষার থাকতে হবে ৬৬ বা তার বেশি। এক্ষেত্রে, বাংলাদেশের বর্তমান ক্ষার হচ্ছে ৭২,৯। অর্থনৈতিক ভসুরতা সূচক যেটি কিনা প্রাকৃতিক দুর্যোপ, বাণিজ্য ও অর্থনৈতিক আঘাত, জনসংখ্যার পরিমাণ এবং বিশ্ববাজার থেকে একটি দেশের দূরতের ওপর ভিত্তি করে তৈরি করা হয় সেখানে একটি দেশের ব্যার করা হত্ত হবে ৩২ বা তার কম। এক্ষেত্রে বাংলাদেশের ক্ষার ২৪.৮।

#### উত্তরণের সূচকে বাংলাদেশের অবস্থান

নির্ণায়ক	মানদণ্ড ২০১৮	সিভিপি	বিবিএস
মাথাপিছু আর	১২৩০ মার্কিন ভলার বা তার বেশি (গত তিন বছরের গড়)	১২৭২ মার্কিন ভলার	১২৭১ মার্কিন ডলার
মানব সম্পদ সূচক	৬৬ বা তার বেশি	92,6	92.3
অৰ্থনৈতিক ভদুৱতা সূচক	৩২ বা তার কম	₹₹.0	₹8,5

সূত্রঃ সিডিপি এবং বিবিএস এর সর্বশেষ তথ্য অনুযায়ী

গত ১২-১৬ মার্চ ২০১৮ তারিখে সিভিপি এর ত্রিবার্ষিক পর্যালোচনা সভার পরপরই সিভিপি আনুষ্ঠানিকভাবে জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধিকে বাংলাদেশ প্রাথমিকভাবে স্বক্লোন্নত দেশ থেকে উত্তরপের মানদণ্ড পূরণ করেছে মর্মে অবহিত করে। পাশাপাশি সিভিপি আনুষ্ঠানিকভাবে ECOSOC কে পরবর্তী ব্যবস্থা গ্রহপের জন্য অবহিত করবে।

পরবর্তী ধাপে আন্টোড বাংলাদেশের আর্থ-সামান্তিক অবস্থা ও উন্নয়ন প্রেকাপটের আলোকে একটি ভঙ্গুরতা পর্যালোচনা বা Vulnerability Profile তৈরি করবে। একই সাথে DESA (Department of Economic and Social Affairs) স্বঞ্জোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তরণের সম্ভাব্য প্রভাব কী হতে পারে, বিশেষত দেশে বর্তমানে বিদ্যমান উন্নয়ন সহযোগিতা কার্যক্রম ও বহির্বাদিক্ষ্যের উপর কি প্রভাব পড়তে পারে তার আলোকে একটি প্রভাব পর্যালোচনা বা Impact Assessment তৈরি করবে।

এরপর ২০২১ সালে অনুষ্ঠেয় পরবর্তী ত্রিবার্ষিক পর্যালোচনায় বাংলাদেশ যদি পুনরায় সিভিপি এর মানদণ্ডলো পুরণে সক্ষম হয় ভাহলে সিভিপি ECOSOC তা অনুমোদনপূর্বক জাতিসংঘ সাধারণ পরিষদের নিকট বাংলাদেশকে এলডিসি থেকে উত্তরণের সুপারিশ করবে। সেক্ষেত্রে, এর তিন বছর পর, অর্থাৎ ২০২৪ সালে আনুষ্ঠানিকভাবে স্বক্সোত্রত দেশের তালিকা থেকে বেরিয়ে আসবে বাংলাদেশ।

স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের পূর্বেই তিন বছরে (অর্থ্যাৎ ২০২১ থেকে ২০২৪ সালের মধ্যে) বাংলাদেশ তার উন্নয়ন সহযোগীদের অংশগ্রহণে একটি ক্রান্তিকালীন কৌশলপত্র তৈরি করবে যা এলভিসি থেকে বেরিয়ে আসার পরবর্তী তিন বছরে (২০২৪-২০২৭) বান্ধবায়ন করা হবে। এ পুরকৌশল তৈরির মূল উদ্দেশ্য হল স্বল্পোন্নত দেশ থেকে বেরিয়ে আসার পরবর্তী থাপে বিভিন্ন আন্তর্জাতিক সহায়তা (International Support Measures) কমে আসার প্রেক্ষাপটে বাংলাদেশের উন্নয়ন কার্যক্রম যাতে ব্যাহত না হয় তা নিশ্চিত করা।

একটি সুখি সমৃদ্ধ সোনার বাংলা গঠনের প্রত্যয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে প্রতিষ্ঠিত হয় স্বাধীন বাংলাদেশ। সোনার বাংলা গড়ার লক্ষ্যে সরকার প্রেক্ষিতে পরিকল্পনা ও রূপকল্প ২০২১ বাজবায়নের কাজ শুরু করে। ইতোমধ্যে সরকার সফলভাবে সহস্রান্ধ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর সঠিক ও যোগ্য নেতৃত্বের মাধ্যমে বাংলাদেশ আজ স্বল্পোত্রত দেশ থেকে উত্তরণের সুপারিশ লাভের মধ্য দিয়ে প্রেক্ষিত পরিকল্পনা ও রূপকল্প ২০২১ এর সফল বাজবায়ন করতে বাচেছে। উন্নয়নের অপ্রতিরোধ্য অর্থযাত্রায় এখন বাংলাদেশ। এ অপ্রযাত্রাকে ক্রখে কার সাধ্যঃ এরই ধারাবাহিকতায় ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ও ২০৪১ সালে বাংলাদেশ পৌছে যাবে স্বপ্লের উন্নত দেশের তালিকায়।

## বাংলাদেশ সেনাবাহিনীর উন্নয়ন ও আধুনিকায়ন

মহান স্বাধীনতা যুদ্ধের মধ্য দিয়ে বাংলাদেশ সেনাবাহিনীর জন্ম। স্বাধীনতার পর পরই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধ বিধ্বন্ত দেশকে গড়ে তোলার কঠিন সংগ্রামের মধ্যেও সদ্য স্বাধীন দেশের জন্য একটি আধুনিক সেনাবাহিনী পড়ে তোলার উপর জাের দেন। দেশরকার অতস্ত্র প্রহরী সেনাবাহিনীর পুনর্গঠন, উন্নয়ন ও আধুনিকায়নের যে ধারা জাতির পিতা সূচিত করে গেছেন তারই ফলঞ্চতিতে বাংলাদেশ সেনাবাহিনী আজ বর্তমান অবস্থানে উপনীত। জাতির পিতার পলাছ অনুসরণ করে বর্তমান প্রধানমন্ত্রী শেষ হাসিনা সেনাবাহিনীর উন্নয়ন ও আধুনিকায়নে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। 'কাের্সেস গোল-২০৩০' তারই এক উজ্জ্বল দুষ্টান্ত।

# সাংগঠনিক উন্নয়ন

সেনাবাহিনীর আধুনিকারনের অংশ হিসেবে এই সময়কালে নতুন ব্রিগেড, রেজিমেন্ট ও ইউনিট প্রতিষ্ঠা করা হয়। এরই আলোকে ১৯৯৯ সালে যমুনা সেতুর নিরাপন্তার জন্য ৯৮ কম্পোজিট ব্রিগেড, ২৫ এয়ার ডিফেল (এডি) রেজিমেন্ট আর্টিলারি, ১০ রিভারাইন ইঞ্জিনিয়ার (আরই) ব্যাটালিয়ন এবং ২০০০ সালে ৫২ পদাতিক ব্রিগেড প্রতিষ্ঠা করা হয়। এছাড়া ২০০১ সালে সদর দশুর স্পেশাল ওয়ার্কস অর্থানাইজেশন প্রতিষ্ঠা করা হয়। দেশের সার্বিক নিরাপন্তা ও উন্নয়নে এই প্রতিষ্ঠানসমূহের ভূমিকা ওক্তপূর্প। এছাড়াও অভিযানিক সক্ষমতার জন্য এবং সেনাবাহিনীর সম্প্রসারণের অংশ হিসেবে ২৫ এপ্রিল ১৯৯৬ সালে ময়মনসিহে স্ট্যাটিক সিগন্যাল কোম্পানি ও ৩৭ ভিতিশন এসটি ব্যাটালিয়ন এবং ০২ অক্টোবরর ১৯৯৬ তারিখে ১২ ল্যালার নামে একটি নতুন ইউনিট্সহ উক্ত ইউনিট্র জন্য একটি ওয়ার্কশপ সেকশন ও একটি Armoured Fighting Vehicle (এএকভি) রিকভারি প্রাট্ন প্রতিষ্ঠা করা হয়। ১৯৯৮ সালে ১৭ ইঞ্জিনিয়ার কনস্ট্যকশন ব্যাটালিয়ন (ইসিবি), ৩৯ বার এবং ৩৯ ভিতিশন লোকেটিং ব্যাটারি, ৮১ ফিন্ড এ্যান্থলেল ও০৭ ভিতিশন অর্জন্যাল কোম্পানি প্রতিষ্ঠিত হয়। ২০০১ সালে ২১ বার, ১১৭ ব্রিগেভ সিপন্যাল কোম্পানি, ২২ বার, ১৪১ ফিন্ড ওয়ার্কশপ কোম্পানি, ১৯ ইঞ্জিনিয়ার কনস্টাকশন ব্যাটালিয়ন (ইসিবি) ওয়ার্কশপ প্রতিষ্ঠা করা হয়।

ফোর্সেস পোল ২০৩০ এর আলোকে একটি আধুনিক সেনাবাহিনী গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকভায় ২০১৩ সালে সিলেট সেনাবাহিনীতে ১৭ পদাতিক ভিতিশন এবং একই সালে ১৯ কম্পোজিট ব্রিপেড প্রতিষ্ঠা করা হয়। সেনাবাহিনীর অপ্রধাত্রার এই ধারাবাহিকভায় ২০১৫ সালে ১০ পদাত্তিক ভিতিশন এবং একই সালে টাংগাইলে বঙ্গবন্ধু সেনানিবাস









প্রতিষ্ঠা করা হয়। সেনাবাহিনীর উন্নয়ন ও সম্প্রসারণের অংশ হিসেবে ১০ মার্চ ২০১৬ তারিবে রামু সেনানিবাসে একটি ব্রিপেভসহ কয়েকটি ইউনিট এবং ২৩ নভেম্বর ২০১৬ তারিব সিলেটে ১৭ পদান্তিক ভিভিশনের অধীনে নবগঠিত ব্রিপেভসহ কয়েকটি ইউনিটের কার্যক্রম শুরু হয়। গত ৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিবে লেবুখালিতে নবগঠিত ৭ পদাতিক ভিভিশনের পথ চলা শুরু হয়।

সেনাবাহিনীর উন্নয়নের অংশ হিসেবে পদ্মা সেতু এলাকার একটি সেনানিবাস গড়ার কাজ চলমান রয়েছে এবং কিশোরপঞ্জ জেলার মিঠামইন উপজেলার নতুন সেনানিবাস স্থাপনসহ একটি রিভারাইন ইউনিট প্রতিষ্ঠার কাজ চলমান রয়েছে। পাশাপাশি একটি এতহক প্যারা কমান্ডো বিগেডের অপারেশন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দুইটি পনাতিক ব্যাটালিয়নকে প্যারা ব্যাটালিয়নে রূপান্তর করা হয়েছে। এ সময়কালে একটি পদাতিক ব্রিপেডকে ম্যাকাইনাইজত ব্রিপেড ও আটটি পদাতিক ব্যাটালিয়নকে ম্যাকানাইজত ব্যাটালিয়নে রূপান্তর করা হয়।

সেনাবাহিনীর আধুনিকায়নের অংশ হিসেবে নতুন জনবল বিশিষ্ট বিপসট (BIPSOT-Bangladesh Institute of Peace Support Operation Training) এর সাংগঠনিক কাঠামো, বাংলাদেশ ভিজেল প্র্যান্ট লিঃ এর পূর্ণাঙ্গ সাংগঠনিক কাঠামো অনুমোদন এবং বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করা হয়েছে।

#### অভিযানিক সক্ষমতা বন্ধি

একটি আধুনিক ও যুগোপযোগী সেনাবাহিনী গড়ে তোলার লক্ষ্যে সেনাবাহিনীকে আধুনিক অধুনিক তিনিক তিনিক

এরই আলোকে সেনাবাহিনীতে সংযোজিত হয়েছে চতুর্থ প্রজন্মের ট্যাংক এমবিটি-২০০০ এবং আর্মার্ড রিকভারি ভেহিক্যাল ও ওয়েপন লোকেটিং রাজার।

এছাড়াও উলেখ্যযোগ্য, সেনাবাহিনীর এসপি (SP-Self Propelled) রেজিমেন্টের প্রতিষ্ঠা, পদাতিক রেজিমেন্টের জন্য ক্রয়কৃত এন্টি ট্যাংক গাইতেড মিসাইল, এন্টি ট্যাংক উইপন এবং লাইট আর্মার্ড তেহিকল, আর্টিলারি রেজিমেন্টের জন্য সাউভ রেজিং ইকুইপমেন্ট।

যুদ্ধকেত্রে বাংলাদেশ সেনাবাহিনীর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সংযোজিত হয়েছে ফ্রান্সের তৈরি ভফিন হেলিকণ্টার, আর্মার্ড পার্সোনাল ক্যারিয়ার (এপুসি), আর্মার্ড পার্সোনাল ক্যারিয়ার (এপুলেন্স), ট্যাকে ট্রান্সপোর্টার, মান্টিপল লক্ষ রকেট-সিস্টেম (এমএলআরএস), সারকেস টু এয়ার মিসাইল (SAM)- GM 90)। এছাড়া আর্মি এভিয়েশন রুপে সংযোজিত হয়েছে অত্যাধুনিক Mi-171sh হেলিকণ্টার, মানুষ্যবিহীন এয়ারক্রাফট (ইউএভি), এয়ার এমুলেন্স, লাইট ইউটিলিটি হেলিকণ্টার (ট্রেনিং) ও ফিক্সড উইং মিভিয়ম এয়ার ক্রাফট ইউটি (মান্টি ইঞ্জিন), ফিক্সড উইং লাইট এয়ার ক্রাফট (ট্রনিং) সিংপেল ইঞ্জিন।

সেনাবাহিনীতে আরো সংযোজিত হয়েছে র্যাডার কট্রোল এডি গান সিস্টেম (এডডাব্সড মডেল), ইলেকট্রিক মেট স্টেশন, এসইউ-৯০ এম ট্যাংক লক্ষড ব্রিজ ও মেকানিক্যাল মাইন লেয়িং সিস্টেম। পাশাপাশি রিভারাইন ইঞ্জিনিয়ার ব্যাটালিয়নের জন্য যুগোপযোগী বিভিন্ন ধরনের ওয়াটার ক্রাফট ও আনুষ্ঠিক সরঞ্জামাদির মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।

## উত্তরপের অভিযাত্রায় বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা

অপাভজনক প্রতিষ্ঠান হস্তান্তর। মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্তে জাতীয় পর্বায়ের গোকসানি প্রতিষ্ঠান বাংলাদেশ মেশিন টুলস ফ্যান্টরি (বিএমটিএফ) ২০ জুলাই ২০০০ সালে বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হয়। এরপর থেকে এই প্রতিষ্ঠানটি একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়। এছাড়াঙ, বাংলাদেশ ভিজেল গ্র্যান্ট (বিভিপি) বাংলাদেশ সেনাবাহিনীর নিকট হস্তান্তর করা হয়। সম্প্রতি চইপ্রাম ভেজিটেবল এডিবল কোম্পানি সেনাবাহিনীর নিকট হস্তান্তর করা হয়। শিক্ষার মানোদ্রয়নে অবদান। চিকিৎসা ও কারিগরি বিজ্ঞান চর্চার ক্ষেত্র প্রসারিত করার লক্ষ্যে মাননীর প্রধানমন্ত্রীর নির্দেশনায় ১৯৯৮ সালে আর্মভ ফোর্সেস মেভিক্যাল কলেজ (এএফএমসি) এবং মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স এড টেকনোলজি (এমআইএসটি) প্রতিষ্ঠা করা হয়। বিভিন্ন সেনানিবাসে ৩১টি ক্যান্টনমেন্ট পাবলিক ক্ষুল ও কলেজ এবং ২২টি ইংলিশ মিভিয়াম ক্ষুল রয়েছে। বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত এ সকল শিক্ষা প্রতিষ্ঠান দেশের শিক্ষা বিস্তারে ভক্ততুপূর্ণ অবদান রাখছে। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাখ্যমে উল্লেখিত সেনানিবাসসহ পার্শবর্তী এলাকার শিক্ষার্থীরা উত্তরত পরিবর্গে মানসম্পন্ন শিক্ষা পেতে সক্ষম হচ্ছে।

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ সংযোজন। একবিংশ শতাধির বিজ্ঞান ও তথ্য প্রযুক্তির এই যুগে বাংলাদেশকে উন্নত বিশ্বের পর্যায়ে নিয়ে যাবার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে কুমিত্বা, সৈয়লপুর ও কাদিরাবাদ সেনানিবাসে আর্মি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BAUST) প্রতিষ্ঠা করা হয়েছে। এছাড়াও ব্যবসার প্রশাসন বিষয়ে শিক্ষা প্রসারের অংশ হিসেবে বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে আর্মি ইন্সটিটিউট অব বিজনেস অ্যাভমিনিক্রৌশন (AIBA) নামে ২টি শিক্ষা প্রতিষ্ঠান সাভার ও সিলেট সেনানিবাসে প্রতিষ্ঠা করা হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে ৫টি মেডিকেল কলেজ পরিচালিত হচেছ। মাননীয় প্রধানমন্ত্রী ১০ জানুয়ারি ২০১৫ তারিখে ভিডিও কনফারেক্যের মাধ্যমে বঙড়া, চর্মপ্রাম, ক্রমিল্লা, বংশার ও রংপুর সেনানিবাসে সেনাবাহিনী পরিচালিত মেডিকেল কলেজসমূহ উন্নোধন করেন। বাংলাদেশ সেনাবাহিনীতে প্রটি আর্মি নার্সিং কলেজ (বঙড়া, কুমিল্লা, চম্ব্রপ্রাম, মশোর ও রংপুর) চালু করার প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত হয়েছে। উক্ত ৫ টি আর্মি নার্সিং কলেজের মধ্যে ২টি আর্মি নার্সিং কলেজে (কুমিল্লা এবং রংপুর) শিক্ষা কর্মাইনিতে কন্ত ভিকিৎসক ঘটিতির বিষয় বিবেচনায় এনে বাংলাদেশ সেনাবাহিনীতে প্রটি তেন্টোল কলেজ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ষায়্ব্য সেবার উন্নয়ন। চিকিৎসা সেবার মান উন্নয়নের লক্ষ্যে বর্তমান সরকারের প্রচেষ্টায় সিএমএইচ ঢাকা সম্প্রসারণ ও আধুনিকীকরণ করা হয়েছে। এর ফলে সশস্ত্র বাহিনীর সদস্যসহ দেশ ও বিদেশের বিশিষ্ট ব্যক্তিনের আধুনিক চিকিৎসা সেবা প্রদান সম্ভব হছেে। এছাড়া সিএমএইচ ঢাকায় বিভিন্ন ওয়ার্ডে ডিপার্টমেন্টসমূহ নতুন ভাবে সংযোজিত হয়েছে Emergency & Casualty, Critical Care Centre, Chest Pain Unit, Burn ICU, Child Development Centre, Male hemato-oncology, Pediatric surgery ward, Child Gastroenterology ward, Pediatric cardiac ICU, Pediatric hemato-oncology, Cataract clinic, Retina clinic, Pediatric emergency, Cancer Centre, Fertility Centre, Dylasis Centre, Cardiac Centre। পাশপাশি সিএমএইচ ঢাকায় পূর্বতন আইসিইউ-১ (১০ বেড) বর্ষিত ও সংস্কার করে একটি অত্যাধূনিক ৩৪ শ্বায় বিশিষ্ট আইসিইউ ছাপন করা হয়েছে। এছাড়া জটিল ও দুরায়োগ্য ব্যাধিসহ রোগীর উন্নত চিকিৎসার লক্ষ্যে বৈদেশিক চিকিৎসা সহায়াতা সেল (FTCS) প্রতিষ্ঠা এবং ইনফারটিলিটি সেন্টারের Tech Specification প্রস্কুত এবং নকশা প্রপন্নন করা হয়েছে। এছাড়া সিএমএইচ ঢাকা'তে Bone Marrow Transplantation Centre এবং প্রবণ প্রতিবন্ধীদের চিকিৎসার্থে Cochlear Implant Centre এর কান্ধ সম্পন্ন হয়েছে।

স্বাস্থ্য সেবা সর্বস্তরে পৌছে দেয়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় ৫০০ শহ্যা বিশিষ্ট কুর্মিটোলা জেনারেল হাসপতাল নির্মাণ করা হয়েছে। ফলে সশস্ত্র বাহিনীর সদস্য ছাড়াও দেশের সাধারণ জনগণের আধুনিক চিকিৎসা সুবিধা প্রদান, ইন্টার্নি মেডিক্যাল শিক্ষানবিশ এবং নার্সদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

সেনাবাহিনীতে ভিজিটালাইজেশন। বর্তমান সরকার ঘোষিত 'ভিজিটাল বাংলাদেশ' নির্মাণের অংশ হিসেবে সম্পূর্ণরূপে ভিজিটাল সেনাবাহিনী গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সেনাবাহিনীর বিভিন্ন পর্যায়ের পরিকল্পনা প্রথমন এবং এর বাস্তবসমত প্রশিক্ষণের জন্য প্রতিষ্ঠা করা হয়েছে আর্মি ভাটা সেন্টার এবং কম্পিউটারাইজত ওয়ার গেইম সেন্টার। মহামান্য রাষ্ট্রপতি গত ১৫ নভেম্বর ২০১৫ তারিখে নবনির্মিত আর্মি ভাটা সেন্টার এবং কম্পিউটারাইজড ওয়ার গেইম সেন্টার উদ্বোধন করেন। বাংলাদেশের সকল সেনানিবাসকে নেটওয়ার্ক কভারেজ (WAN) এর আওভায় আনা হয়েছে। স্ট্যাটিক যোগাযোগ ব্যবস্থার উন্মনকল্পে সকল পুরাতন PABX সমূহ পর্যায়্পতমে অত্যাধানিক IP Based Soft Switch দ্বারা প্রতিস্থাপন এবং সেনাসদরের লোকাল এরিয়া নেটওয়ার্ক এবং আর্মি





ওয়্যান সম্প্রসারণের কাজ সম্পন্ন করা হয়েছে। আন্তজার্তিক মানের Tier-3 ভাটা সেন্টার নির্মাণ করা হয়েছে এবং সেনাবাহিনীতে অফিসার এবং সৈনিক পদে ভর্তি কার্যক্রম অন-লাইন এর মাধ্যমে শুরু করা হয়েছে।

জাতিগঠনমূলক কর্মকাও। দেশ ও জনগণের প্রয়োজনে বাংলাদেশ সেনাবাহিনীর কর্মপরিধি আজ বিস্তৃত হয়েছে বিভিন্ন সেবামূলক কাজে। দেশের দুর্যোগনে দুর্বিপাকে মানুষের পাশে এসে দাঁড়িয়েছে প্রতিনিয়ত। পাশাপাশি বর্তমান সরকারের নির্দেশনার দেশের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে বাংলাদেশ সেনাবাহিনী। এর সবচেরে বড় উদাহরণ হচ্ছে পদ্মা সেতু। সফল বাস্তবায়ন হতে চলেছে বহুল প্রতিক্ষিত পদ্মা বহুমুখী সেতু। প্রকল্পের নির্মাণ চলাকালীন সময়ে নিরাপত্তা প্রদানের পাশাপাশি সেনাবাহিনী জাজিরা ও মাওরা এপ্রোচ রোড এবং ব্রিজ এভ ফ্যাসিনিটিজ সার্তিস এরিয়ার কনস্ট্রাকশন সুপারতিশন কনসালটেন্ট হিসেবে কাজ করছে। সেতু নির্মাণ চলাকালে নদী শাসনে সেনাবাহিনী উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। এছাড়া পদ্মা সেতুর রেল সংযোগ প্রকল্পের জন্য বাংলাদেশ সেনাবাহিনীকৈ সুপারতিশন পরামর্শক হিসেবে নিরোগ দেয়া হয়েছে।

হাতিরবিল সমন্বিত উন্নয়ন প্রকল্প আর একটি জাতিগঠনমূলক কর্মকান্তের উদাহরণ। হাতিরবিল সমস্বিত উন্নয়ন প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনী কর্ত্তক বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া উক্ত প্রকল্পের ইউ-লুপ এবং ঢাকা শহরের এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের সিফটিং এর কাজ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হয়। জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবারন করা হয়েছে। জয়দেবপুর-ময়মনসিংহ ৪ লেন সভৃক উন্নয়ন প্রকল্পের জয়দেবপুর থেকে রাজেন্দ্রপুর পর্যন্ত ১৩ কিলোমিটার এবং রাজেন্দ্রপুর থেকে মাওনা পর্যন্ত ১৮ কিলোমিটার সভক সেনাবাহিনীর ভন্নাবধানে নির্মাণ করা হয়েছে। গত জুন ২০১৫ তারিখে রেলওভার ব্রিজসহ প্রকল্পের মূল সভক নির্মাণ কান্ত সম্পন্ন হয়েছে। থানচী-আলীকদম সভকটি পার্বত্য চইগ্রামের ৬ রাস্তা প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ প্রকল্প। বর্তমানে এ সভকটি বাংলাদেশের সর্বাধিক উচ্চতা বিশিষ্ট সড়ক। বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হয়। বাংলাদেশ সেনাবাহিনীর তন্তাবধানে মহিপাল ফ্রাইওভারটি ঢাকা-চইগ্রাম মহাসড়কের উপর নির্মিত হয়েছে। উক্ত ফ্রাইওভারটির মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম এবং ফেনী লক্ষ্মপুর এর সংযুক্ত সভুক দিয়ে সহজে ও স্বল্প সময়ে যাতায়াত নিচিত হয়েছে। বাঙ্গালহালিয়া-রাজস্থলী সভৃক উন্নয়ন প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়িত হয়। ২১ কি. মি. দীর্ঘ এ সড়ক উন্নয়ন প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। এটি ২০১২ সালে সেনাবাহিনীর নিকট হস্তান্তর করা হয়। বান্দরবান-বাঙ্গালহালিয়া-চন্দ্রঘোনা-ঘাপড়া সভক উন্নয়নে সেনাবাহিনীর ভূমিকা অত্যন্ত গুরুতুপূর্ণ ৫২,৯২ কিলোমিটার দৈর্ঘ্যের এ সড়কটি সেনাবাহিনী কর্ত্রক নির্মাণ করা হয়েছে। ২০১২ সালে প্রকল্পটি সেনাবাহিনীর নিকট হস্তান্তর করা হয়। 'বহন্দারহাট ফ্রাইওভার নির্মাণ' শীষক প্রকল্পটি জানুয়ারি ২০১০ হতে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। ২৭ ডিসেম্বর ২০১২ তারিখে এটি সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ১২ অক্টোবর ২০১৩ তারিখে বহন্দারহাট ফ্রাইওভার প্রকল্পটির শুভ উদ্বোধন করেন। ধানমতি লেক উন্নয়ন শীর্ষক প্রকল্পটি ঢাকা শহরের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এপ্রিল ২০১১ হতে ডিসেম্বর ২০১২ পর্যন্ত সময়ের মধ্যে এই প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। জাতিগঠনমূলক কর্মকান্ডের ধারাবাহিকতায় ৬৪ বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (মুক্তারপুর সেতু) সংযোগ সভকে (পঞ্চবটি থেকে মুক্তারপুর) অবস্থিত দুটি সেতুর বিকল্প (বাইলেন) সড়ক নির্মাণ ও সেতু দুটির সংস্কার ও পুনঃনির্মাণ কাজ জরুরি ভিত্তিতে সম্পন্ন করার জন্য সেনাবাহিনীকে দায়িত প্রদান করা হয়েছে যা বর্তমানে চলমান রয়েছে। কক্সবাজার-টেকনাঞ্চ মেরিন ড্রাইড সড়ক প্রকল্প নির্মাণে বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা সর্বজনস্বীকৃত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে ৮০ কিঃ মিঃ দীর্ঘ কক্সবাজার-টেকনাফ মেরিন ফ্রাইড প্রকল্পটি সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ০৬ মে ২০১৭ তারিখে উক্ত প্রকল্পটির ওড উল্লোখন করেন। উপরোক্ত প্রকল্পসমূহ বাজায়নের মাধ্যমে জাতিগঠনমূলক কর্মকাঙে বাংলাদেশ সেনাবাহিনীর অংশগ্রহণ দেশের উন্নয়নে অর্থগামী ভূমিকা রাখারই উদাহরণ।



#### উপসংহার

